

সমাজের প্রতিটি অংশের ক্ষমতায়নই সরকারের অগ্রাধিকারঃ প্রধানমন্ত্রী

সাগর, ১৭ আগস্ট : ৪দরিদের কল্যাণ ও সমাজের প্রতিটি অংশের ক্ষমতায়নই আমাদের সরকারের অগ্রাধিকার। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, দলিত হোক অথবা অনগ্রসর কিংবা উপজাতি , আমাদের সরকার সকলের যথাযথ সম্মান দিচ্ছে এবং তাঁদের নতুন সুযোগ দিচ্ছে।শনিবার মধ্যপ্রদেশের সাগর জেলায় সন্ত শিরোমণি গুরুদেব শ্রী রবিদাস মেমোরিয়াল স্থলে ‘ভূমিপূজন’ করেন প্রধানমন্ত্রী মোদী। প্রায় ১০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হবে সন্ত রবিদাস এই মন্দির। এঁই অনুষ্ঠানে বক্তৃতা দেওয়ার সময় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, কোভিড মহামারীর আমি সিদ্ধান্ত নিজেছিলাম, গরীবদের ক্ষুধার্ত ঘুমতে দেব না। আপনাদের কথা বোঝার জন্য আমাকে বই খুঁজতে হবে না। আমরা ‘প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনা’ শুরু করছি এবং ৮০ কোটির বেশি মানুষকে বিনামূল্যে রেশন সরবরাহ

গুয়াহাটির বরাগাঁওয়ে উদ্ধার যুবকের মৃতদেহ

গুয়াহাটি, ১৭ আগস্ট : গুয়াহাটি মহানগরের বরাগাঁওয়ে জনৈক যুবকের মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। মৃতদেহটি টোটো (ই-রিকশা) চালক দিপূর বলে শনাক্ত করা হয়েছে।আজ বৃহ্পতিবার সকালে মহানগরের বরাগাঁওয়ে নবনির্মিত উডালপুরের ওপর জনৈক যুবকের মৃতদেহ দেখে প্রত্যক্ষদর্শীরা খবর দেন গড়চুক পুলিশ ফাঁড়িতে। পুলিশ গিয়ে মৃতদেহটি দিপু নামের এক টোটো চালকের বলে শনাক্ত করেছে।পুলিশের এক সূত্র জানিয়েছে, নিহত যুবক দিপূর শরীরে আঘাতের স্পষ্ট চিহ্ন রয়েছে। এতে নিশ্চিত, তাকে অজ্ঞাতপরিচয় কোনও দুষ্টুতী পিটিয়ে খুন করেছে। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে গৌহাটি মেডিক্যাল কলেজ হাসপাতালে সয়না তদন্তের জন্য পাঠিয়েছে।সূত্রটি জানিয়েছে, বরাগাঁওয়ের একটি ভাড়াঘরে থাকতেন দিপু। তার রহস্যজনক মৃত্যুর মূল কারণ এখনও স্পষ্ট নয়। তাঁরা তদন্ত শুরু করেছেন, জানিয়েছে পুলিশের সূত্রটি।

দিল্লিতে রাসায়নিক ফ্যাক্টিরিতে আগুন আহত ৬ জন দমকল কর্মী, ক্ষয়ক্ষতিও বিপুল

নয়াদিল্লি, ১৭ আগস্ট : রাজধানী দিল্লিতে ফের অগ্নিকাণ্ড! এবার আগুন লাগল দিল্লির বাওয়ানা এলাকায় অবস্থিত একটি রাসায়নিক ফ্যাক্টিরিতে। বুধবার রাতে ওই ফ্যাক্টিরিতে আগুন লাগে। দাউদউ করে জ্বলতে থাকে আগুন। আগুন নেভাতে পৌঁছয় দমকলের মোট ৬০টি ইঞ্জিন। বৃহস্পতিবার সকাল পর্যন্ত আগুন পুরোগুiri নিয়ন্ত্রণে আসেনি। এদিকে, আগুন নেভাতে গিয়ে আহত হয়েছেন ৬ জন দমকল কর্মী।পুলিশ ও দমকল সূত্রের খবর, বুধবার রাতে দিল্লির বাওয়ানা এলাকায় অবস্থিত একটি রাসায়নিক ফ্যাক্টিরিতে আগুন লাগে। দাউদউ করে জ্বলতে থাকে আগুন, চারিদিক কালো ধোঁয়ায় ঢেকে যায়। আগুন নেভাতে পৌঁছয় দমকলের মোট ৬০টি ইঞ্জিন। বৃহস্পতিবার সকাল পর্যন্ত আগুন পুরোগুiri নিয়ন্ত্রণে আসেনি। এদিকে, আগুন নেভাতে গিয়ে আহত হয়েছেন ৬ জন দমকল কর্মী। এই অগ্নিকাণ্ডে বিপুল পরিমান ক্ষয়ক্ষতিও হয়েছে। দমকল কর্মীরা আগুন নেভানোর জন্য অক্লান্ত চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

দিল্লিতে যমুনার জলস্তর ফের নিম্নমুখী, পৌঁছল ২০৪.৪২ মিটারে

নয়াদিল্লি, ১৭ আগস্ট : চিন্তা কমায়ে যমুনা নদী। দিল্লিতে ফের বিপদসীমার নীচে নেমে গেল যমুনার জলস্তর। বৃহস্পতিবার সকাল ৯টা নাগাদ দিল্লিতে যমুনার জলস্তর নেমে ২০৪.৪২ মিটারে পৌঁছে যায়, যা বিপদসীমার নীচেই। এর আগে গত মঙ্গলবার রাতে দিল্লির পুরানো ব্লে ব্রিজে যমুনার জলস্তর ছিল ২০৫.৩৫ মিটার, বুধবার সকালে তা একটু কমে ২০৫.৩৩ মিটারে পৌঁছয়।আর বৃহস্পতিবার সকালে তা আরও একটু কমে ২০৪.৪২ মিটারে পৌঁছেছে। উল্লেখ্য, গত মঙ্গলবার রাত দশটা নাগাদ বিপদসীমা (২০৫.৩৩) অতিক্রম করে ২০৫.৬৬ মিটারে পৌঁছে যায় যমুনার জলস্তর। হিমাচল প্রদেশ ও উত্তরাখণ্ডে প্রবল ভাৱী বৃষ্টিপাতের কারণেই যমুনার জলস্তর নতুন করে বৃদ্ধি পাচ্ছিল। বৃহস্পতিবার যমুনার জলস্তর অনেকটাই নেমে গিয়েছে।

পরম্পরাগত ঔষুধের উপর গ্লোবাল সামিট বিশ্বের জন্য অনন্য সুযোগ প্রদান করবেঃমনসুখ মান্ডভিয়া

গান্ধীনগর, ১৭ আগস্ট : পরম্পরাগত ঔষুধের উপর গ্লোবাল সামিট বিশ্বের জন্য অনন্য সুযোগ প্রদান করবে। এই মন্তব্য করলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। বৃহস্পতিবার গুজরাটের গান্ধীনগরে চিরাচরিত মেডিসিন গ্লোবাল সামিটের উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার

কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেছেন, পরম্পরাগত ঔষুধের উপর গ্লোবাল সামিট বিশ্বের জন্য অনন্য সুযোগ প্রদান করবে, সংলাপে নিযুক্ত হবে, ধারণা বিনিময় করবে এবং আন্তর্জাতিক অংশীদারিত্ব স্থাপন করবে, চিরাচরিত ও পরিপূরক ঔষুধের এজেন্ডাকে এগিয়ে নিয়ে যাবে এবং চিরাচরিত নিরাময়

শুধুমাত্র নাম নয়, নিজের কাজের জন্য পরিচিত নেহরুজিঃরাহুল গান্ধী

নয়াদিল্লি, ১৭ আগস্ট : শুধুমাত্র নাম নয়, নিজের কাজের জন্য পরিচিত নেহরুজি। এই মন্তব্য করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। লাদাখের লেহ যাওয়ার প্রাক্কালে বৃহস্পতিবার সকালে দিল্লি বিমানবঃ

দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাহুল গান্ধী বলেছেন, শুধুমাত্র নাম নয়, নিজের কাজের জন্য পরিচিত নেহরুজি। আসলে দিল্লির নেহরু মেমোরিয়াল মিউজিয়াম এবং লাইব্রেরির নাম বলল নিয়ে এদিন

রাহুল গান্ধীকে প্রশ্ন করেন সাংবাদিকরা, তাতেই এই উত্তর দেন কংগ্রেস সংসদ রাহুল গান্ধী।উল্লেখ্য, দিল্লির নেহরু মেমোরিয়াল মিউজিয়াম অ্যান্ড লাইব্রেরির নাম আনুষ্ঠানিকভাবে পরিবর্তন করা

হয়েছে গত ১৪ আগস্ট থেকে, এখন থেকে প্রধানমন্ত্রী মিউজিয়াম অ্যান্ড লাইব্রেরি সোসাইটি নামেই এটি পরিচিত হবে। এই নাম পরিবর্তন নিয়ে কেন্দ্রীয় সরকারের তীর সমালোচনা করেছে কংগ্রেস নেতৃব্ব।

কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল

মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৬১ টাকা। এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকা।। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা।। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের

দাম ৯২.৭৬ টাকা।। ভাট। এবং মালবাধী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর য়ানারির উপর আবারগি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে য়ানারির দাম স্থিতিশীল রয়েছে।



দেশভাগের ভয়াবহ স্মরণ দিবস পালন করতে বাঁকুড়া স্টেশনে প্রদর্শনীর আয়োজন।

দলমত নির্বিশেষে প্রাক্তন প্রধানমন্ত্রীদের সম্মান জানানো হচ্ছেঃপ্রহ্লাদ জোশী

নয়াদিল্লি, ১৭ আগস্ট : দিল্লির নেহরু মেমোরিয়ালের নাম পরিবর্তনের কারণে ক্ষুব্ধ কংগ্রেস শিবির। কংগ্রেস নেতৃব্ব কেন্দ্রীয় সরকারের তীর সমালোচনা করছে। কংগ্রেসের এই সমালোচনার যোগ্য জবাব দিয়ে কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ জোশী বলেছেন, দলমত নির্বিশেষে প্রাক্তন প্রধানমন্ত্রীদের সম্মান জানানো হচ্ছে।বৃহস্পতিবার রাজস্থানের জয়পুরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রহ্লাদ জোশী বলেছেন, আমরা দলমত নির্বিশেষে আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রীদের সম্মান দিছি। কংগ্রেস অপ্রয়োজনীয়ভাবে এটি নিয়ে সমস্যা তৈরি করছে... আমি জানি না কেন তাঁদের সমস্যা। আমাদের দেশের সব প্রধানমন্ত্রীর অবদানের বিষয়ে মিডিজিামে চালানো ভিডিও ক্লিপের মাধ্যমে আমাদের তরুণদের শোখানো হচ্ছে।উল্লেখ্য, দিল্লির নেহরু মেমোরিয়াল মিউজিয়াম অ্যান্ড লাইব্রেরির নাম আনুষ্ঠানিকভাবে পরিবর্তন করা হয়েছে গত ১৪ আগস্ট থেকে, এখন থেকে প্রধানমন্ত্রী মিউজিয়াম অ্যান্ড লাইব্রেরি

সাক্ষেলের আরও কাছে ইসরো, সফলভাবে ৩ থেকে আলাদা হয়ে গেল ল্যান্ডার ’বিক্রম’

নয়াদিল্লি, ১৭ আগস্ট : ৪চাঁদের কক্ষপথে প্রদক্ষিণ শেষ হওয়ার পর অবশেষে সফলভাবে চন্দ্রযান-৬ এর প্রোপালশন মডিউল থেকে আলাদা হল ল্যান্ডার ’বিক্রম’। বৃহস্পতিবার মহাকাশযানটি থেকে ল্যান্ডার আলাদা হয়ে গিয়েছে। চন্দ্রযান-৬-এর ল্যান্ডার ’আগামী বুধবার চাঁদে নামাবে।উৎক্ষেপণের পর থেকে এখনও পর্যন্ত সফলভাবেই চাঁদের পৃষ্ঠ ছুঁয়ে দেখার পথে এগিয়ে চলেছে চন্দ্রযান-৬ । এর আগে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)- এর তারফে জানান হয়েছিল যে ১৭ অগস্ট ভারতীয় সময় ১টা থেকে ১.৩০টার মধ্যে এটি বিছিন্ন হওয়ার কাজটি হবে। চন্দ্রকক্ষে মানুয়েভর প্রক্রিয়া সম্পূর্ণ

হওয়ার পর প্রপালশন বিচ্ছেদের কাজটি শুরু হয়। সেই মত এদিন দুপুর ১.২৯টায় ইসরো-র তারফে সফলভাবে চন্দ্রযান-৬ এর প্রোপালশন মডিউল থেকে ল্যান্ডার ’বিক্রম’-এর আলাদা হওয়ার খবর জানিয়ে টুইট করা হয়।ইসরো জানিয়েছে, ল্যান্ডার ’ মূল মহাকাশযান থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার পর তার প্রাথমিক গন্তব্য হবে চন্দ্রপৃষ্ঠ থেকে ৬০ কিলোমিটার উপরের কক্ষপথে। সেখান থেকে ধাপে ধাপে তাকে নামানো হবে চাঁদের মাটিতে। বৃহস্পতিবার চন্দ্রযান-৬ থেকে ’ বিচ্ছিন্ন হয়ে যাওয়ার পরেই আনুষ্ঠানিক ভাবে চন্দ্রপৃষ্ঠে অবতরণের প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। ইসরো আগে থেকেই

যোষণা করে রেখেছে, আগামী ২৩ অগস্ট চাঁদের মাটি স্পর্শ করবে ল্যান্ডার। কিন্তু অনেকই মনে করছেন, নির্ধারিত সময়ের আগে চাঁদে নেমে পড়তে পারে ’মূল মহাকাশযান থেকে বিচ্ছিন্ন হওয়ার পর ’ চাঁদে নামানোর জন্য ইসরোর হাতে এখনও ছাঁদিন সময় আছে। তবে বিচ্ছেদের পর অবতরণ প্রক্রিয়ায় সাধারণত এত সময় লাগে না। ফলে সময়েই চাঁদে ’ নামবে কি না, সে দিকে নজর থাকবে।’ মূল গন্তব্য চাঁদের দক্ষিণ মেরু। সেখানে এখনও পর্যন্ত কোনও দেশের কোনও মহাকাশযান নামতে পারেনি। ইসরো তার দক্ষিণ মেরুতে সফল ভাবে ল্যান্ডার নামাতে সক্ষম হলে ইতিহাস তৈরি করবে ভারত।প্রসঙ্গত, গত ১৪

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বাম ছাত্র সংগঠনের দ্বারা তৃণমূল ছাত্র পরিষদের নেতৃত্ব ও ছাত্র স্বপ্নদ্বীপ কুন্ডুর রহস্যজনক মৃত্যুর প্রতিবাদে জেলা জুড়ে কলেজের সামনে শান্তিপূর্ণ অবস্থান বিক্ষোভ

দক্ষিণ দিনাজপুর,১৭আগষ্টঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাম ও অতি বাম ছাত্র নেতৃব্বের র‍্যাগিগ-র শিকারে রহস্যজনকভাবে ছাত্র স্বপ্নদ্বীপ কুন্ডুর মৃত্যু এবং তার প্রতিবাদে তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য সভাপতি সহ গুরুত্বপূর্ণ নেতৃব্বদের হেনস্তা করার তীব্র প্রতিবাদে বৃহস্পতিবার দক্ষিণ দিনাজপুর জেলার সমস্ত কলেজ গেটে শান্তিপূর্ণভাবে অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালন করলে। দক্ষিণ দিনাজপুর জেলা তৃণমূল ছাত্র পরিষদের ভাইস প্রেসিডেন্ট শুভম সাহা, দক্ষিণ দিনাজপুর জেলা তৃণমূল ছাত্র পরিষদের সেক্রেটারি শুভম প্রসাদ, দক্ষিণ দিনাজপুর তৃণমূল জেলা ছাত্র পরিষদের সেক্রেটারি রবি জেসওয়াল,



গঙ্গারামপুর কলেজ ইউনিট প্রেসিডেন্ট শুভম মল্লিক, গঙ্গারামপুর কলেজ জেনারেল সেক্রেটারি কুশ চৌধুরী, গঙ্গারামপুর কলেজ তৃণমূল ছাত্র পরিষদের প্রাক্তন কলেজের সেক্রেটারি প্রভু প্রসাদ সহ তৃণমূল ছাত্র পরিষদের অন্যান্যরা সহ কলেজের ছাত্রছাত্রীরা। মূলত যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাম ছাত্র সংগঠনের দ্বারা তৃণমূল ছাত্র পরিষদের নেতৃত্বদের উপর হেনস্তা ও কলেজ ছাত্র স্বপ্নদ্বীপ কুন্ডুর রহস্যজনক মৃত্যুর প্রতিবাদে বৃহস্পতিবার সকাল থেকেই দক্ষিণ

দিনাজপুর জেলার প্রতিটি কলেজের সামনে দক্ষিণ দিনাজপুর জেলা তৃণমূল ছাত্র পরিষদের শান্তিপূর্ণভাবে অবস্থান বিক্ষোভ কর্মসূচি শুরু হয়েছে। যেখানে প্রত্যেকটি কলেজের সামনে দায়িত্বপূর্ণ তৃণমূল ছাত্র পরিষদের নেতৃ ব্বরা প্রতিবাদ জানিয়েছেন বেনজীরভাবে। এ বিষয়ে রাজ্য তৃণমূল ছাত্র পরিষদের সম্পাদক কৌশিক সাহা জানিয়েছেন, বুধবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রহস্যজনকভাবে মৃত্যু হওয়া ছাত্র স্বপ্নদ্বীপ কুন্ডুর নির্মম হত্যার প্রতিবাদে তৃণমূল ছাত্র

পরিষদের তারফে রাজ্য তৃণমূল ছাত্র পরিষদের সমস্ত নেতৃ ব্বদের উপস্থিতিতে ডেপুটেশন দিতে যাওয়ার সময় বিশ্ববিদ্যালয় চত্বরের তৃণমূল ছাত্র পরিষদের নেতৃব্বদের হেনস্তা সহ তাদের উপর হামলা চালায় বাম ছাত্র সংগঠন। আর সেই কারণেই এই নিন্দনীয় ঘটনাকে খিঁকরা জানিয়ে, তৃণমূল ছাত্র পরিষদের তারফে দক্ষিণ দিনাজপুর জেলার সমস্ত কলেজের সামনে শান্তিপূর্ণভাবে অবস্থান বিক্ষোভ চলছে। যতক্ষণ না পর্যন্ত যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কাণ্ডে ও ছাত্র স্বপ্নদ্বীপ কুন্ডুর দোষীদের শাস্তি দেওয়া হচ্ছে এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বাম ও অধিবাম ছাত্র সংগঠনের বাড় বাড়ন্ত ও তাভব যতক্ষণ না পর্যন্ত থামছে ততক্ষণ পর্যন্ত তৃণমূল ছাত্র পরিষদ এই আন্দোলন চালিয়ে যাবে ও আন্দোলন জারি থাকবে। এদিন দক্ষিণ দিনাজপুর জেলার সমস্ত কলেজের সামনে তৃণমূল ছাত্র পরিষদের শান্তিপূর্ণভাবে প্রতিবাদে অবস্থান বিক্ষোভ কর্মসূচি চালিত তৃণমূল ছাত্র পরিষদের নেতৃ ব্ব সহ ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ছিল যথেষ্ট উল্লেখযোগ্য।

পুরীর জগন্নাথ মন্দিরে পূজো দিলেন নির্মলা ও ধর্মেন্দ্র, ঘুরে দেখলেন সমুদ্র সৈকত



পুরী, ১৭ আগস্ট : পুরীর জগন্নাথ মন্দিরে পূজো দিলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। নির্মলার পাশাপাশি বৃহস্পতিবার সকালে জগন্নাথ মন্দিরে পূজো দেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানও। তাঁদের সঙ্গে ছিলেন বিজেপির জাতীয় মুখপাত্র সঞ্জিত পাত্রও। জগন্নাথ মন্দিরে পূজো দেওয়ার পর পুরীর সমুদ্র সৈকত (ব্লু ফ্ল্যাগ সৈকত) ঘুরে দেখেন তাঁরা। সেখানে প্রখ্যাত বালি শিল্পী সুনর্শন পট্টনায়েক দ্বারা ’মেরি মাটি মেরা দেশ’ থিমের উপর তৈরি বালি শিল্প পরিদর্শন করেন তাঁরা।বৃহস্পতিবার অনেক সকালেই পুরীর জগন্নাথ মন্দিরে পৌঁছে যান কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, বিজেপির জাতীয় মুখপাত্র সন্নি পাত্র প্রমুখ। ভগবান জগন্নাথ, বলরাম ও সুভদ্রার কাছে প্রার্থনা করেন তাঁরা। জগন্নাথ মন্দিরে পূজো দেওয়ার পর পৌঁছে যান পুরীর সমুদ্র সৈকতে। সেখানে বেশ কিছুটা সময় কাটান তাঁরা।

যোগ-সহ আয়ুর্বেদের মাধ্যমে চিরাচরিত ঔষুধের সমৃদ্ধ ইতিহাস রয়েছে ভারতেরঃ প্রধান



গান্ধীনগর, ১৭ আগস্ট : যোগ-সহ আয়ুর্বেদের মাধ্যমে চিরাচরিত ঔষুধের সমৃদ্ধ ইতিহাস রয়েছে ভারতের। বললেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-র প্রধান (ডিজি) ট্রেডস অ্যাডানম গেত্রিয়েসাস। বৃহস্পতিবার গুজরাটের গান্ধীনগরে চিরাচরিত মেডিসিন গ্লোবাল সামিটের উদ্বোধনে হু প্রধান বলেছেন, যোগ-সহ আয়ুর্বেদের মাধ্যমে চিরাচরিত ঔষুধের একটি সমৃদ্ধ ইতিহাস রয়েছে ভারতের, যা ব্যাধা উপশমে কার্যকর বলে দেখানো হয়েছে।হু প্রধান ট্রেডস অ্যাডানম গেত্রিয়েসাস আরও বলেছেন, চিরাচরিত ঔষধের একটি মহান শক্তি হল, মানুষের স্বাস্থ্য এবং আমাদের পরিবেশের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বোঝা। গুজরাটের গান্ধীনগরে বৃহস্পতিবার থেকেই শুরু হয়েছে জি-২০ স্বাস্থ্যমন্ত্রীর সম্মেলন। বিশ্ব স্বাস্থ্য সংস্থা-র পরম্পরাগত ঔষুধ সংক্রান্ত আন্তর্জাতিক শীর্ষ সম্মেলনও শুরু হয়েছে এদিন থেকেই।

জন্মু ও কাশ্মীরের উধমপুরে উল্টে গেল মিনিবাস, কমপক্ষে ১৩ জন পুণ্যাগী আহত

উধমপুর, ১৭ আগস্ট : জন্মু ও কাশ্মীরের উধমপুর জেলায় মিনিবাস দুর্ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ১৩ জন পুণ্যাগী। বৃহস্পতিবার সকালে দুর্ঘটনাটি ঘটেছে উধমপুর জেলায় জন্মু-শ্রীনগর জাতীয় সড়কের পাশে মোদী গ্রাউন্ডের কাছে। পুলিশ জানিয়েছে, যাত্রীবোঝাই মিনিবাসটি উল্টে যাওয়ায় ১৩ জন পুণ্যাগী আহত হয়েছেন। পুণ্যাগীদের দলটি জন্মুর মাচিল মাতা যাওয়ার পথে দুর্ঘটনাটি ঘটে।আহত যাত্রীদের জরুরি চিকিৎসার জন্য উধমপুরের সরকারি মেডিকেল কলেজের (জিএমসি) অ্যাম্বুল্যান্সেউড হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। উধমপুরের পুলিশ সুপার (এসএসপি) দুর্ঘটনার বিষয়ে জানিয়েছে, আহতদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। আহতরা হলেন-সুরিধর কুমার, পোলি দেবী, সুনিতা দেবী, পূজা দেবী, নিশা দেবী, রোহিত কুমার, গোলাবরী দেবী, ঘারো দেবী, নীলু দেবী, ভারতী দেবী, আশিতি দেবী, শশী দেবী ও রুই দাস।

মৃদু ভূমিকম্পে কাঁপল জন্মু ও কাশ্মীরের রাজৌরি, তীব্রতা ৩.৬

শ্রীনগর, ১৭ আগস্ট : ফের ভূমিকম্পে কঁপে উঠল জন্মু ও কাশ্মীর। বৃহস্পতিবার ভূমিকম্প অনুভূত হয়েছে জন্মু ও কাশ্মীরের রাজৌরি জেলায়। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৩.৬। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলোজি জানিয়েছে, বৃহস্পতিবার ভোর ৩.৪৯ মিনিট নাগাদ ৩.৬ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয় জন্মু ও কাশ্মীরের রাজৌরিতে।ভূমিকম্পের উসস্থল ছিল ৩৩.৩৬ অক্ষাংশ ও ৭৪.২০ দ্রাঘিমাংশ, ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার গভীরতায়। রাজৌরি থেকে ১১ কিলোমিটার পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমে, কার্গিল থেকে ২২৪ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে ছিল ভূমিকম্পের উপকেন্দ্র। ৩.৬ তীব্রতার ভূমিকম্পে ক্ষয়ক্ষতির কোনও খবর পাওয়া যায়নি।

নিমতা স্বামী প্রণবানন্দ বিদ্যাধী ভবেন স্বাধীনতা দিবস পালন



নিজস্বসংবাদদাতা,১৭আগষ্টঃদেশ জুড়ে পালিত হচ্ছে ৭৭ তম স্বাধীনতা দিবস। যথাযথ মর্যাদার সঙ্গে দিনটি পালন করছে ভারত সেবাশ্রম সঙ্ঘ। ভারত সেবাশ্রম সঙ্ঘের নিমতা প্রণবানন্দ বিদ্যাধী ভবনের উদ্যোগে ৭৭ তম স্বাধীনতা দিবস পালন করা হয়। পতাকা উত্তোলন করেন সঙ্ঘের নবীন সন্ন্যাসী স্বামী অয়েবানন্দজী মহারাজ। নেতাজি সুভাষ চন্দ্র বসুর প্রতিকৃতিতে পুষ্প দিয়ে শ্রদ্ধা জানানো ছাত্ররা। তারা দেশাত্মবোধক গান পরিবেশণ করেন। গুলাজ এর আশীর্বচন এর মধ্য দিয়েই অনুষ্ঠান সমাপ্ত হয়। ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রধান সম্পাদক স্বামী বিশ্বাত্মানন্দ মহারাজ বলেন, সঙ্ঘের প্রধান কার্যালয় সহ বিভিন্ন শাখা আশ্রমগুলিতেও স্বাধীনতা দিবস পালন করা হয়।নিমতা প্রণবানন্দ বিদ্যাধী ভবন মেধাবী ছাত্র দের প্রাশ্রশোনা ও থাকার জন্য কলকাতার উত্তর চব্বিশ পরগনায় একটি ছাত্রাবাস গড়ে তুলেছে। গ্রাম থেকে যেসব ছাত্ররা শহরে পড়তে আসেন তাদের জন্যে এই ছাত্রাবাস খুবই সহযোগী।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা,১৮আগষ্টঃশুক্রবার, ৩২শ্রাবণ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১৮আগষ্ট ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ৩২ শ্রাবণ মাস, চান্দ্র ৭ মঘসূরন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৩২ শ্রাবণ মাস ১৪৩০, ভারতীয় সিংলিঃ৩২ শ্রাবণমাস ১৯৪৪, মৈতেঃ৩৪ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অরুণা পুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অন্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১৬ ২২(৮) এবং অন্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭ঃ৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫ঃ৮ঃ৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবহিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭ঃ৮ঃ৫ পর্যন্ত পরে বিত্তীয়ঃঅশ্বিনিও অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত,তারপর ১২ঃ ৫ঃ৩০ঃ থেকে - ০২ঃ৩২ঃ৫৫ পর্যন্ত,তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত,তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত।মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২ঃ৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩৩ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ৪২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ৪৪ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ২২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৪ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রহস্কট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২৪ঃ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ২২৭৫৩৫৯ (২৬) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৬ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৯.২ডিগ্রী সেলসিয়াস ও (২২) সর্বনিম্ন ২৪.০৫ডিগ্রী সেলসিয়াস ও (১১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৩শতকরা এবং ৬৩শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার। জোয়ার-সকাল ৮টা ২০ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৯টা ২০মিনিট। রাত-৯টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ১৫মনিটে এবং সূর্য অস্ত্য যাবে ঃ ৬ টা ১৫ মিনিটে।

মেষরশ্মিঃরায় অস্তিত্ব আছে যেইদিকে আপনরা চিন্তা এবং উদ্যম চালনা করুন। শুধু চিন্তা করে গেলে কিছু লাভ নেই।
বৃষভ রশ্মিঃ রায় মজা করার উদ্দেশ্য নিয়ে বেরিরেছেন তাদের জন্য নিছকই আনন্দ হবে আজ। মিথুন রশ্মিঃ আপনি আপনার শারীরিক মানবো বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংসারে শান্তি হবে। কর্কট রশ্মিঃ ঘরের উত্তেজনা আপনাকে ঝুঁক করবে। সেগুলি চম্পে রাধা কেবলমাত্র শারীরিক সমস্যা বাড়াবে। বাড়িতে অতিথি সিংহ রশ্মিঃরাজের জাগরায় বরিশদের থেকে চাপ এবং ঘরে মতভেদ কিছু চাপ আনতে পারে- যা আপনাকে কাজে মনোনিবেশ করতে উপদ্রব করবে।শুভ দিন কন্যা রশ্মিঃজীবন নিয়ে হেলাফেলা করেন না, জানবেন জীবনে যত্নই আসল অঙ্গীকার। তুলা রশ্মিঃ আপনার স্বয়ভ্রল্লালিত স্বপ্ন সত্যে পরিণত হবে। কিন্তু আপনার উত্তেজনা নিয়ন্ত্রণের রাখা উচিত কারণ খুব বেশী আনন্দ কিছু সমস্যার হতে পারে। বৃশ্চিক রশ্মিঃ সুখী জীবনের স্বার্থে নিজের একগুয়েমি দূর করুন, এরফলে নিছক সময় নষ্ট হয়। ধনু রশ্মিঃ এমন একটি দিন যেখানে আপনি আরাম করতে সর্মথ হবেন। সংসারে শান্তি হবে। মকর রশ্মিঃ আপনার মনকে ভালোবাসা, আশা, বিশ্বাস, সহানুভূতি, আশাবাদ এবং বিশ্বস্ততার মত ইতিবাচক হবে। কুন্ত রশ্মিঃ যদি আপনি সাম্প্রতিককালে ভ্রাতাশ বোধ করে থাকেন-তাহলে আপনার মনে রাখা উচিত যে আজ সঠিক কাজ এবং চিন্তা অত্যধিক সেই প্রয়োজনীয় অব্যাহতি দেবে। মীন রশ্মিঃ যদি সম্ভব হয় তাহলে দীর্ঘ ভ্রমণ এড়িয়ে চলুন কারণ আপনি খুবই দুর্বল এবং এটি আপনাকে আরো দুর্বল করে তুলতে পারে। আর্থিকভাবে- আপনি সবল থাকবে। গ্রহ এবং নক্ষত্রের উপকারী স্থানের কারণে আপনি আজ অর্থ উপার্জনে

সরকারি হাসপাতালে সদ্যোজাতর মৃত্যু, বিক্ষোভ

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ আগস্ট : সরকারি হাসপাতালে সদ্যোজাতর মৃত্যু ঘিরে বৃহস্পতিবার এলাকায় চাঞ্চল্য দেখা দেয়। হাসপাতালের চিকিৎসকের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ এনে বিক্ষোভ দেখায় সদ্যোজাতের পরিবার। এই ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার উত্তপ্ত হয়ে ওঠে বাগুইআটির দেশবন্ধু নগর হাসপাতাল চত্বর। যদিও অভিযোগ মানতে নারাজ হাসপাতাল কর্তৃপক্ষ। সূত্রের খবর, নারায়ণপুর কাদিহাটি এলাকার বাসিন্দা অন্তঃসত্ত্বা সূপ্রিয়া চক্রবর্তী ১৩ আগস্ট বাগুইআটি দেশবন্ধু নগর হাসপাতালে ভর্তি হন। পরের দিন তিনি এক সন্তানের জন্ম দেন। সেই সময় মা এবং শিশু দুজনই ভাল আছে বলে জানায় হাসপাতালের কর্তৃপক্ষ। এমনই দাবি করেছে শিশুর পরিবার। বৃহস্পতিবার তাঁদের ছেড়ে দেওয়ার কথা ছিল। কিন্তু হঠাৎ করেই আজ হাসপাতালের তরফে জানানো হয় সকালে সদ্যোজাত শিশুর মৃত্যু হয়েছে। এরপরই হাসপাতালের বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলে বিক্ষোভ দেখান মৃত শিশুর পরিবার। অভিযোগ, বাচ্চার শরীরে ছোপ- ছোপ দাগ ছিল। কিন্তু সঠিকভাবে তার দেখাশোনা করা হয়নি। যার ফলে মৃত্যু হয়েছে ওই শিশুটির। পরিবারের লোকজন বাগুইআটি থানায় অভিযোগ জানাতে গেলে বিষয়টি তাঁদের এন্ড্রিয়াএর বাইরে বলে অভিযোগ নিতে অস্বীকার করে পুলিশ। এবং পরিবারকে স্বাস্থ্যভবন যেতে বলে। এরপর হাসপাতালে পুলিশ গেলে তাদের ঘিরে বিক্ষোভ দেখায় পরিবারের লোকজন। শিশুমৃত্যুর কারণ তদন্ত করে দেখা হোক বলে দাবি তোলেন পরিবার।



নোয়াপাড়া কারশেডে মেট্রো রেলওয়ে মহিলা কল্যাণ সংস্থা (MRWWO) দ্বারা আজ অর্থাৎ ১৭ আগস্ট ২০২৩-এ একটি বৃক্ষরোপণ অভিযান চালালে হয়েছিল। শ্রীমতী পি শ্রীলথা, সভাপতি, মেট্রো রেলওয়ে মহিলা কল্যাণ সংস্থা একটি চারা রোপণ করে এই কর্মসূচির উদ্বোধন করেন। MRWWO- এর অ্যানু্যান সম্প্রদায়ও আমাদের পরিবেশকে পরিচ্ছন্ন ও সবুজ করার জন্য এই অভিযানে অংশ নিয়েছিলেন। আজ এই অভিযানে মোট ১০ (দশ)টি ফল-ফলাদির চারারোপণ করা হয়েছে।

রেলওয়ের উন্নয়নমূলক প্রকল্পগুলিতে প্রধানমন্ত্রীর রেকর্ড বিনিয়োগ

মালিগাঁও, ১৭ আগস্ট : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে অর্থনৈতিক বিষয় সম্পর্কিত ক্যাবিনেট কমিটি রেল মন্ত্রকের প্রায় ৬২,৫০০ কোটি টাকা ব্যয়ের সাতটি প্রকল্পে অনুমোদন জানিয়েছে, এই প্রকল্পগুলির জন্য



কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ১০০ শতাংশ তহবিল প্রদান করা হবে। এই মাল্টি- ট্যাক্টিকের প্রস্তাবগুলি ট্রেন চলাচল সহজ করে তুলবে এবং যানজট হ্রাস করবে, ভারতীয় রেলওয়ের বাস্তবত সেক্ষনগুলিতে প্রয়োজনীয় পরিকাঠামোমূলক উন্নয়ন প্রদান করবে। এই সাতটি পরিকাঠামো প্রকল্প গড়ে উঠবে দেশের ৯ টি রাজ্যে ৭৫ টি জেলায়। রাজ্যগুলি হলো – উত্তরপ্রদেশ, বিহার, তেলঙ্গানা, অন্ধ্রপ্রদেশ, মহারাষ্ট্র, গুজরাট, ওড়িশা, ঝাড়খণ্ড এবং পশ্চিমবঙ্গ। প্রকল্প রূপায়ণের কাজ সম্পূর্ণ হলে ভারতীয় রেলের নেটওয়ার্কে যুক্ত হবে আরও ২,৩৬৯ কিলোমিটার এবং কর্মসংস্থানের মাধ্যমে শ্রম দিবস সৃষ্টি হবে ৭.০৬ কোটি। গোরক্ষপুর ক্যান্ট-বাল্মীকী নগর সেকশনের দ্বৈতকরণ দিল্লি- হাওড়া গ্র্যান্ড কর্ড লাইনের মাধ্যমে উত্তর পূর্বাঞ্চলের দিকে যাওয়া-আসা করা ট্রেনগুলির একটি বিকল্পমূলক রুট হিসেবে কাজ করবে। এই বিকল্পমূলক রেল লিংকটি যানজট হ্রাস করবে, উত্তর পূর্বাঞ্চলের দিকে যাওয়া সংযোগ ব্যবস্থার উন্নতি করবে এবং উত্তর পূর্বাঞ্চলের দিকে অধিক যাত্রীবাহী ও পণ্যবাহী ট্রেন চলাচলে সহায় করবে। গোরক্ষপুর ক্যান্ট- বাল্মীকী নগর সেকশনের দ্বৈতকরণ সম্পূর্ণ করতে আনুমানিক ১২৬৯ কোটি টাকা ব্যয় হবে। নারগুন্ডি-বারং ও খুর্দা রোড-বিজয়নগরম সেকশনে ওয় লাইন স্থাপনের জন্য আরেকটি প্রকল্প শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থানের উদ্দেশ্যে দক্ষিণ ভারতের দিকে ভ্রমণকারী উত্তর পূর্বাঞ্চলের মানুষের জন্য একটি গুরুত্বপূর্ণ রুট হিসেবে কাজ করবে। এই সেকশনে কলকাতা থেকে চেন্নাই পর্যন্ত ত্রি় র্নয়জট হয়। সুতরাং, এই সেকশনে ৩য় লাইন স্থাপন করা হলে যানজট হ্রাস হবে এবং ট্রেন চলাচল বৃদ্ধি করবে। এই প্রকল্পটি সম্পূর্ণ করতে আনুমানিক ৫০০০ কোটি টাকা ব্যয় হবে। যে রেলপথগুলিকে প্রস্তাবিত প্রকল্প রূপায়ণের আওতায় নিয়ে আসা হয়েছে সেখান দিয়ে খাদ্যসাপ্ত, কৃষি সার, কয়লা, সিমেন্ট, ফ্লাইআশ, লোহা, তৈরি ইস্পাত, বামা, অপরিষোধিত তেল, চূনাপাথর, ভোজ্যতেল সহ বিভিন্ন প্রয়োজনীয় পণ্যসামগ্রী নিয়মিতভাবে পরিবহন করা হয়। ক্ষমতা বৃদ্ধির কারণের ফলে অতিরিক্তভাবে ২০০ এমটিপিএ (প্রতি বছর মিলিয়ন টন) যানবাহন চলাচল করবে। রেলওয়ে হলে পরিবহনের পরিষেবা-বান্ধব ও জালিনী সামগ্রী একটি পদ্ধতি, যা জলবায়ুর লক্ষ্য অর্জন ও দেশের পরিবহন ব্যয় হ্রাসের জন্য সহায়ক হয়ে উঠবে। এই অঞ্চলে বহুমুখী কর্মশক্তি সৃষ্টি করে অঞ্চলের মানুষকে ‘আয়নির্ভর’ করে তোলার যে দৃষ্টিভঙ্গী প্রধানমন্ত্রী গ্রহণ করেছেন তার সঙ্গে সামঞ্জস্য রেখে এই রেল প্রকল্পগুলি রূপায়িত হবে এবং মানুষের কর্মসংস্থান / আয় কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করবে। এই প্রকল্পগুলি মাল্টি-মডেলে সংযোগ স্থাপনের জন্য প্রধানমন্ত্রী গতি শক্তি জাতীয় মস্টার প্ল্যান কর্মসূচির ফলাফল, যা সম্ভবত পরিকল্পনার মাধ্যমে সম্ভব হয়েছে এবং মানুষ, পণ্য সামগ্রী ও পরিষেবার চলাচলের জন্য বাধাহীন সংযোগ প্রদান করবে।

হিন্দুস্তান চেন্নার্স অফ কমার্স ৩১ আগস্ট থেকে ২ নভেম্বর মুম্বাইতে এশিয়াটেক্স

মুম্বই, ১৭ আগস্ট : হিন্দুস্তান চেন্নার অফ কমার্স ৩১ আগস্ট থেকে ২ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত জিওগ্রাফিক কনভেনশন সেন্টার, বিকেপি, মুম্বইতে এশিয়াটেক্স ২০২৬ টেক্সটাইল ট্রেড ফেয়ারের আয়োজন করবে। এটি বি২বি মেলার ৫তম সংস্করণ হবে। হিন্দুস্তান চেন্নার অফ কমার্সের (এইচসিসি) সভাপতি শিখরচন্দ জৈন বলেছেন যে চেন্নারের ১২৫ বছর পূর্তি উপলক্ষ্যে মেলায় প্রায় ১২৫ টি স্টল থাকবে। চেন্নারের জন্য এটি একটি ঐতিহাসিক ঘটনা এবং মেলায় ৯০৪ বর্গ ফুট থেকে ১৭ বর্গ ফুট পর্যন্ত বৃহৎস্থানের অধিকাংশে স্টল থাকবে। মুম্বাই, ভিওয়াস্টি, সুরাট, ইচালকার্জি, ডিলওয়াড়া, আহমেদাবাদ এবং সমস্ত প্রধান টেক্সটাইল হাওগুলির প্রতিনিধি সহ বিস্তৃত পরিসরের স্টল থাকবে। এই মেলায় প্রথাগত প্রদর্শনকারী ও রপ্তানিকারকদের সুরেট, ফেব্রিক, মেড-আল, প্রযুক্তিগত টেক্সটাইল, ইউনিফর্ম ফেব্রিক্স, হোম টেক্সটাইল, ফার্নিশিংয়ের কাপড়, বোনো, পোশাক ইত্যাদির প্রদর্শন করা হবে। ফেয়ারের এই ৩ দিনে প্রায় ১৫,০০০ এর বেশি সংখ্যক দর্শক উপস্থিত থাকবেন বলে ধারণা করা হচ্ছে। এই বি২বি মেলাটির বিস্তৃতি জিওগ্রাফিক কনভেনশন সেন্টারে ৬০,০০০ বর্গফুট জুড়ে হবে, যার মধ্যে ২৫,০০০ বর্গফুট লাইভিং, মিটিং সেন্টার, কন্মকারেগ রুম, ক্যোন্টোরিয়া ইত্যাদির জন্য সংরক্ষিত থাকবে। এশিয়াটেক্স - ২০২৬ আয়োজক কমিটির আহ্বায়ক হলেন সুশীল আর. গাদিয়া এবং জনসংযোগ কমিটির আহ্বায়ক হলেন উত্তম ভি. জৈন। শিখরচন্দ জৈন সভাপতি, সজ্জন কুমার কোলনিয়া সহ-সভাপতি, মনোময়ী সচিবরা হলেন অনুরাগ পোদার, বিনোদ জে লোড়া, নির্মল কুমার গুপ্তা এবং কোষাধ্যক্ষ হলেন সঞ্জীব ডি. বুঝনা।

আতশবাজি হাব তৈরির জন্য জায়গা চিহ্নিত করলো রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ আগস্ট : দেশের মধ্যে এই প্রথম আতশবাজি হাব তৈরির জন্য জায়গা চিহ্নিত করলো রাজ্য সরকার। প্রশাসন সিদ্ধান্ত নিয়েছে বাইপাসের ধারে মাঠপুকুর স্টপেজের কাছে এই হাব গড়ে উঠবে। আপাতত এই হাবে ৮০ জন আতশবাজি ব্যবসায়ীকে জায়গা দেওয়া যাবে। ক্ষুদ্র ও কুটির শিল্প দফতর সূত্রের খবর, কলকাতা পুরসভার ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের কাছের একটি জমিকে আতশবাজি হাব তৈরি করার জন্য বেছে নেওয়া হয়েছে। মঙ্গলবার সেই জমি সার্ভে করা হয়েছে। জমি দেখে খুশি বাজি ব্যবসায়ীরাও। একইসঙ্গে রাজ্যের ছ’টি জায়গায় ক্লাস্টার তৈরির সিদ্ধান্ত হয়েছে। সেগুলো হবে বারাসাত, চম্পাহাটি, মহেশতলা, ধূপগুড়ি, বীরভূম এবং পূর্ব মেদিনীপুরে। বাজি ব্যবসায়ীরা জানাচ্ছেন, এই ক্লাস্টারগুলো তৈরি হয়ে গেলে প্রায় তিন হাজার লোকের কর্মসংস্থান হবে। প্রায় ১৫ একর জমির ওপর তৈরি হবে এই হাবটি। দফতর সূত্রে খবর, কালীপুজোর পরেই এই হাব তৈরির কাজ শুরু হবে। এই প্রকল্পের জন্য ৯০ শতাংশ ভর্তুকি দেবে রাজ্য সরকার, বাকি ১০ শতাংশ দেবেন আতশবাজি ব্যবসায়ীরা। সারা বাংলা আতশবাজি ব্যবসায়ী সমিতির তরফে বাবলা রায় বলেন, “আমরা খুশি যে, রাজ্য সরকার আতশবাজি ব্যবসার কথা মাথায় রেখে হাব গড়ার সিদ্ধান্ত নিয়েছে। তাই আমরাও সব রকম সহযোগিতার হাত সরকারের দিকে বাড়িয়ে দেব।”

মোবাইল পাচার চক্রের হৃদিস

দুরন্ত বার্তা, সোনারপুর, ১৭ আগস্ট : আন্তর্জাতিক মোবাইল পাচার চক্রের হৃদিস মিলল দক্ষিণ শহরতলীর নরেন্দ্রপুরে। ঘটনায় প্রেক্ষতার এক। ধৃতের নাম আব্দুল রহমান। তার কাছ থেকে উদ্ধার মোট ৬৪ টি নানী-দামী সংস্থার মোবাইল। ধৃতকে বৃহস্পতিবার বারুইপুর আদালতে পেশ করা হয়। অভিযুক্তকে জিজ্ঞাসাবাদের জন্য ৭ দিনের পুলিশ হেফাজতে নেওয়ার আবেদন জানায় পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে নরেন্দ্রপুর থানা এলাকার বাসিন্দা কর্ণার্টে সংস্থায় কর্মরত এক আধিকারিকের আইফোন চুরি যায় কয়েকদিন বুধবার। এই ঘটনায় তিনি থানায় অভিযোগ দায়ের করেন। সেই অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্তে নেমে পুলিশ আইফোন চুরাক করে ও সোর্স মারফত আব্দুলের হৃদিস পায়। তার সন্ধানে নরেন্দ্রপুরের গ্রীনপার্স এলাকায় যায় পুলিশ। সেখান থেকেই আব্দুলকে প্রেক্ষতার করে পুলিশ । বিগত দুমাস ধরে একটি বাড়ি ভাড়া নিয়ে ওই এলাকায় থাকছিল সে। তার আদি বাড়ি বারুইপুর থানার বৃন্দাখালীর পশ্চিমপাড়ায়। তার কাজ ছিল বাসে ও ট্রেনে মোবাইল ছিনতাই করা। কাজের সুবিধার জন্যই গ্রীনপার্স এলাকায় বসবাস শুরু করে সে। বারুইপুর পুলিশ জেলার ডিএসপি মোহিত মেল্লো জানান , অভিযুক্তের বাড়িতে তল্লাশি চালিয়ে মোট ৬৪ টি মোবাইল উদ্ধার করা হয়েছে। চোরাই মোবাইল আব্দুল খিট মাউন্ট এলাকায় এক এজেন্টকে দিয়ে আসত। সেখান থেকে মোবাইল চলে যেত বাংলাদেশে। এই ঘটনায় আরও অনেকে জড়িত বলে জানিয়েছেন তিনি। আব্দুলকে জিজ্ঞাসাবাদ করে বেশকিছু তথ্য ও নাম সামনে এসেছে। তা খতিয়ে দেখা হচ্ছে বলেও তিনি জানান ।

বজ্রাঘাতে মৃত স্বামী, জখম স্ত্রী

দুরন্ত বার্তা, হাওড়া, ১৭ আগস্ট : জমিতে ধান রুইতে গিয়ে বজ্রাঘাতে মৃত স্বামী, জখম তাঁর স্ত্রীও। হাওড়ার জগৎবল্লভপুরের ঘটনা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম লক্ষ্মী মন্ডা (৩১)। জগৎবল্লভপুরের নবাসন এলাকার বাসিন্দা তাঁরা। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ঘটনাটি ঘটেছে হাওড়ার জগৎবল্লভপুরের শঙ্করহাটি ২নং গ্রাম পঞ্চায়েতে। বৃহস্পতিবার দুপুরে বড়পুষ্টির সময়ে মাঠে কাজ করছিলেন লক্ষ্মী। কাজ শেষে বাড়ি ফিরছিলেন লক্ষী এবং তাঁর স্ত্রী। ফেরার পথে বাজ পড়ে। বজ্রাঘাতে দু’জনেই লুটিয়ে পড়েন মাঠে। লক্ষ্মীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় লোকের ছায়া নেমে আসে এলাকায়। শঙ্করহাটি ২ নম্বর গ্রাম পঞ্চায়েত উপপ্রধান শেখ বররততুল্লা জানান, স্বামী- স্ত্রী দুজনে ধান রুইতে মাঠে গিয়েছিলেন। সেই সময় হঠাৎ বাজ পড়ে দুজনেই মাঠে ছিটকে পড়েন। ঘটনাস্থলেই লক্ষ্মী মারা যান।

‘এখনই কেউ সন্দেহের ঊর্ধ্বে নন’, হাইকোর্টে অভিষেকের মামলায় বলল ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ আগস্ট : বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মামলার শুনানি ছিল। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে মামলার শুনানির সময় এদিন নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলায় গ্রেফতার সূজয়কৃষ্ণ ভদ্র ওরফে ‘কালীঘাটের কাকু’র প্রসঙ্গ টেনে আনে ইডি। এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের তরফে এদিন অভিযোগে দাবি করা হয়, সূজয় ভদ্রের গ্রেফতারির পর জানা গিয়েছে, তিনি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের অত্যন্ত ঘনিষ্ঠ ছিলেন। সেই কারণ দেখিয়ে এখনই কাউকে সন্দেহের বাইরে রাখতে চাইছে না ইডি। হাইকোর্টে মামলার শুনানির সময় কেন্দ্রীয় তদন্তকারী

সংস্থা ইডির তরফে জানানো হয়, ‘এখনই কাউকে সন্দেহের ঊর্ধ্বে রাখা সম্ভব নয়।’ প্রসঙ্গত, এদিন আদালতে অভিষেকের আইনজীবী মনু সিংডি দাবি করেন, তাঁর মক্কেলের বিরুদ্ধে এখনও পর্যন্ত কোনও অপরাধের প্রমাণ নেই। এর আগে দুটি একক বেঞ্চের রায় থেকেই তা স্পষ্ট বলে দাবি অভিষেকের আইজীবীরা। একইসঙ্গে তাঁর বক্তব্য, শিক্ষা সংক্রান্ত দুর্নীতির মামলা কোনও দাঙ্গার ঘটনা নয়, যে যখন খুশি থাকে খুশি প্রমাণ ছাড়াই গ্রেফতার করে নেওয়া যাবে। মনু সিংডির বক্তব্য, তাঁর মক্কেলের যখনই বিশেষ যাত্রায় সময় হয়, তখনই কেন্দ্রীয় সংস্থা তৎপরতা শুরু করে দেয়। সেই সময় বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানতে

চান, কীসের ভিত্তিতে আদালতের কাছে আবেদন করা হয়েছে। কারণ, অভিষেক কোনও কিছুতে অভিযুক্ত নন। তিনি যে বক্তৃতা দিয়েছেন, সেই বক্তৃতার ভিত্তিতে ইডির জিজ্ঞাস্য ছিল। অভিষেকের বিরুদ্ধে কোনও সমনও নেই। তাহলে কীসের ভিত্তিতে আবেদন, তা জানতে চান বিচারপতি। তখন অভিষেকের আইনজীবী মনু সিংডি জানান, আজ বলছে সমন নেই। কিন্তু রক্ষাকবচ না থাকলে তখন আবার একইভাবে ডাকা হবে। কোন আশঙ্কা থেকে আবেদন সেই কথাও এদিন আদালতে জানান অভিষেকের আইনজীবী। অতীতে যে নিয়োগ দুর্নীতির মামলায় সূজয়কৃষ্ণ ভদ্র ও মানিক ভট্টাচার্যকে জিজ্ঞাসাবাদের জন্য

পঞ্চম শ্রেণির ছাত্রীর গর্ভপাত নিয়ে মেডিক্যাল বোর্ড তৈরির নির্দেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ আগস্ট : ১১ বছরের মেডিক্যাল আদৌ গর্ভপাত সম্ভব কিনা, তা জানতে মেডিক্যাল বোর্ড তৈরির নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট। এই নির্দেশ দেওয়া হল পূর্ব মেদিনীপুরের মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও তমলুক হাসপাতাল সুপারকে। এই সঙ্গে আদালতের ফরমান, ২৪ ঘণ্টার মধ্যে বিশেষজ্ঞ চিকিৎসক নিয়ে বোর্ড গঠন করতে হবে। পরের ৪৮ ঘণ্টায় নাবালিকার যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা করতে হবে। সোমবার রিপোর্ট দিতে হবে হাই কোর্টে। সেদিনই চূড়ান্ত নির্দেশ দেবে আদালত। বাবা-ম জনতেই পারেননি তাদের ১১ বছরের মেয়ে ছ’মাসের অন্তঃসত্ত্বা। এখন জানতে পেরে গর্ভাবস্থার ২৪ সপ্তাহ পরে তাঁরা মেয়ের গর্ভপাত করানোর অনুমতি চেয়ে বুধবার কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হন। এই নাবালিকা পঞ্চম শ্রেণিতে পড়ে। কয়েক মাস আগে তাকে শারীরিক ভাবে নির্ভাতনের পাশাপাশি গণধর্ষণ করা হয় বলে অভিযোগ। পরিবার গত মাসে চিকিৎসা করতে গিয়ে তা জানতে পাবে। নাবালিকার মানসিক এবং শারীরিক অবস্থার কথা বিবেচনা করে গর্ভস্থ জন নষ্টের সিদ্ধান্ত নিয়েছে পরিবার। এর পর হাসপাতালের তরফে তাদের জানানো হয়, উচ্চ বা শীর্ষ আদালতের অনুমতি ছাড়া এই গর্ভপাত কোনও ভাবেই সম্ভব নয়। আইন অনুযায়ী চিকিৎসকের পরামর্শ মেনে কোনও মহিলা, নাবালিকা বা নাবালিকার পরিবার ২০ সপ্তাহ সময় পর্যন্ত গর্ভপাত করতে চেয়ে সিদ্ধান্ত নিতে পারো। বিশেষ

যাদবপুরের ডিনের ভূমিকায় প্রশ্ন, ফের তাঁকে ডাকতে চলেছে লালবাজার

লালবাজারে হাজির হলেও ডিন বলেতে পারেননি। পদত্যাগের দাবিতে তাঁকে ঘেরাও করে রেখেছেন পড়ুয়ারা, এই কারণ দেখিয়ে বুধবার তলব এড়ান রজত। এই প্রেক্ষিতে লালবাজার সূত্রে খবর, আবার থেকে পাঠানো হচ্ছে রজত বাবুকে। রেজিস্ট্রারকে পুনরায় ডাকার কথাও ভাবছেন লালবাজারের কর্তারা। বেশ কিছু নথিও রজতবাবুর কাছে চেয়ে পাঠানো হয়েছে বলে লালবাজার সূত্রে খবর। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রধান ছাত্রাবাসে ছাত্রের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় রহস্য ক্রমেই ঘনীভূত হচ্ছে। ডিন

আদ্রা ডিভিশনে উন্নয়নমূলক কাজের কারণে ট্রেনের নিয়ন্ত্রণ

কলকাতা, ১৭ আগস্ট : দক্ষিণ-পূর্ব রেলের আদ্রা বিভাগে রোলিং ব্লকের পরিপ্রেক্ষিতে, নিম্নলিখিত ট্রেনগুলি নিম্নরূপ নিয়ন্ত্রিত হবে
ট্রেন বাতিল-
১. ০৮৬৩০ / ০৮৬৭৯ আদ্রা -মেন্দিাপুর-আদ্রা
মেমু শেপশাল, ২১.০৮.২০২৬ থেকে ২৭.০৮.২০২৬ পর্যন্ত শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে।
২. ০৮৬৪৮ / ০৮৬৪৩ আসানসোল- আদ্রা-আসানসোল
মেমু শেপশাল, ২১.০৮.২০২৬ থেকে ২৬.০৮.২০২৬ পর্যন্ত শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে।
৩. ০৮৬৪৭ / ০৮৬৪৮ আদ্রা-বরামুন্- আদ্রা
মেমু শেপশাল, ২২.০৮.২০২৬, ২৪.০৮.২০২৬ এবং ২৭.০৮.২০২৬ তারিখে শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে।
ট্রেনের সংক্ষিপ্ত সমষ্টি
১. ০৮১৭৪ / ০৮৬৫২ টাটানগর- আসানসোল-বরামুন্ড
মেমু শেপশাল, ২১.০৮.২০২৬ থেকে ২৭.০৮.২০২৬ পর্যন্ত শুরু হওয়া যাত্রাটি আদ্রা থেকে উদ্ভূত / সংক্ষিপ্ত সময়ে শেষ হবে।
২. ১৮০৩৭ / ১৮০৩৬ খড়গপুর- হাতিয়া- খড়গপুর
এক্সপ্রেস, ২২.০৮.২০২৬, ২৪.০৮.২০২৬ এবং ২৭.০৮.২০২৬ তারিখে শুরু হওয়া যাত্রাটি আদ্রা থেকে উদ্ভূত / সংক্ষিপ্ত সময়ে শেষ হবে।
৩. ০৩৫৯৪ / ০৩৫৯৩ আসানসোল- পুকলিয়া - আসানসোল
মেমু শেপশাল, ২২.০৮.২০২৬, ২৪.০৮.২০২৬ এবং ২৭.০৮.২০২৬ তারিখে শুরু হওয়া যাত্রাটি আদ্রা থেকে সংক্ষিপ্ত / সংক্ষিপ্ত সময়ে শেষ হবে।
৪. ১৮০২৩ / ১৮০২৪ খড়গপুর- গোহাটা- খড়গপুর
এক্সপ্রেস, ২৬.০৮.২০২৬ তারিখে শুরু হওয়া যাত্রা বিশ্বরূপুর থেকে উদ্ভূত / সংক্ষিপ্ত সময়ে শেষ হবে।
ট্রেনের গতিপথ
১. ১৮৬৩১ টাটানগর- হাতিয়া
এক্সপ্রেস, যাত্রা শুরু ২১.০৮.২০২৬, ২৩.০৮.২০২৬, ২৪.০৮.২০২৬, ২৬.০৮.২০২৬ এবং ২৭.০৮.২০২৬ চাভিল-গুন্ডা হয়ে বাকানো রুটে চলবে
বিহার-মুড়ি
ট্রেনের পুনঃনির্ধারণ
- ১. ১৮০৩৬ হাতিয়া- খড়গপুর
এক্সপ্রেস, ২১.০৮.২০২৬, ২৩.০৮.২০২৬ এবং ২৬.০৮.২০২৬ তারিখে শুরু হওয়া যাত্রা হাতিয়া থেকে ১২.২০ টায় ছেড়ে যাওয়ার জন্য পুনরায় নির্ধারিত হবে।
০৯.২০ ঘণ্টার পরিবর্তে।
২. ১৮০৩৬ হাতিয়া- খড়গপুর
এক্সপ্রেস, ২৫.০৮.২০২৬ তারিখে শুরু হওয়া যাত্রা হাতিয়া থেকে ১১.২০ টায় ছেড়ে যাওয়ার জন্য পুনরায় নির্ধারিত হবে।
০৯.২০ ঘণ্টার পরিবর্তে।

গন্ডাছড়ায় রাস্তা সংস্কারের দাবিতে অবরোধ পরে ক্ষুব্ধ জনতা তালো ঝুলিয়ে দিলেন চারটি সরকারী অফিসে

গন্ডাছড়া, ১৭ আগস্ট : বেহাল রাস্তা সংস্কারের দাবি নিয়ে পথ অবরোধ। পরে অবরোধকারীরা প্রশাসনিক কর্মকর্তাদের কাভজ্ঞানহীনতা এবং অমানবিকতা দেখে ক্ষিপ্ত হয়ে বৃহস্পতিবার দুপুর একটায় গন্ডাছড়া মহকুমার চার চারটি সরকারী অফিসে তালো ঝুলিয়ে দেয়। ঘটনায় গোটা এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। প্রসঙ্গত রাস্তায়া মহকুমার অন্তর্গত নারায়ণপুর এডিসি ভিলেজের মগপাড়ার একমাত্র রাস্তাটি দীর্ঘদিন যাব বেহাল। ওই রাস্তাটি সংস্কারের জন্য প্রায় দেড় মাস পূর্বে একবার পথ অবরোধে বসেছিল মগপাড়া সা তিনটা পাড়ার লোকজন। ওই সময় রাস্তাটি সংস্কার করে দেওয়ার কথা বেশ প্রশাসনিক কর্মকর্তারা লিখিত ভাবে প্রতিশ্রুতি দিচ্ছিলেন অবরোধকারীদের। কিন্তু দিন আসে দিন যায়। মগপাড়ার রাস্তাটি সংস্কার করেনি প্রশাসন। বর্তমানে বর্ষায় রাস্তাটি আটকে হোহাল হয়ে পড়ে। বৃহস্পতিবার পুনরায় রাস্তাটি সংস্কারের দাবিতে গন্ডাছড়া মহকুমার



ডেকে গ্রেফতার করে নেওয়া জানতে পেরেছেন সূজয়ের সঙ্গে হয়েছিল, সেই কথাও তুলে ধরেন তিনি। বলছেন, ‘এটা কোনও ইম্বর- সেই কারণে এখনই তারা কাউকে বিভালের দৌড় নয়।’ সেই সময়েই ইডির তরফে জানানো হয়, আগামী সোমবার এই সংক্রান্ত সূজয়কৃষ্ণের গ্রেফতারির পর তাঁরা মামলার পরবর্তী শুনানি রয়েছে।

যাদবপুরে ছাত্র মৃত্যুর ঘটনায় পথে নেমে পুলিশের সঙ্গে খন্ডযুদ্ধে এসএফআই

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ আগস্ট : বৃহস্পতিবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সামনে মেন রোডে অবস্থান বিক্ষোভে বসে এসএফআই। পুলিশ তাদের আটকানোর চেষ্টা করলে ধুম্‌দামর বেঁধে যায়। ব্যারিকেড ভেঙে এগিয়ে যায় এসএফআই কর্মী, সমর্থকরা। ঢাকুরিয়া থেকে যাদবপুর এইট-বি স্ট্যান্ড পর্যন্ত বৃহস্পতিবার মিছিল করে এসএফআই। পুলিশ বাধা দিলে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি বেঁধে যায়। ছড়ায় উত্তেজনা। পাল্টা র‍্যাগিং বন্ধের দাবিতে যে মিছিল তাতে কেন বাধা? এরপর রাস্তায় বসে পড়েন পড়ুয়ারা। ব্যারিকেড ভেঙে ফেলে এগিয়ে যায় এসএফআই কর্মী, সমর্থকরা। এসএফআই-র দাবি, শুধু যাদবপুর বিশ্ববিদ্যালয় নয়, যে কোনও শিক্ষা প্রতিষ্ঠানকেই র‍্যাগিং মুক্ত করার দাবিতেই এই প্রতিবাদ মিছিল। অন্যদিকে এদিন যাদবপুর থানার সামনে বিক্ষোভ দেখায় ডিএসও। আবার মেডিক্যাল কলেজেও অ্যাটিচ র‍্যাগিং র‍্যালিতে যোগ দেন ডাক্তারি পড়ুয়ারা।

দাসনগর হোমে আবাসিক রোগীর রহস্য মৃত্যুর ঘটনায় ধৃত মালিক সহ ৬

দুরন্ত বার্তা, হাওড়া, ১৭ আগস্ট : হাওড়ার দাসনগরের নেশা মুক্তি কেন্দ্রে রোগীর রহস্য মৃত্যুর ঘটনায় পুলিশ এখনো পর্যন্ত ৬ জনকে গ্রেপ্তার করেছে। তদন্তে নেমে পুলিশ একপ্রকার নিশ্চিত যে মারধরের কারণেই শুভজিত ঘরামির (৩১) অস্বাভাবিক মৃত্যু হয়। পুলিশ ধৃতদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধি অনুযায়ী ৩০২ ধারায় খুনের মামলা রুজু করেছে। ধৃতেরা হলো কুমার মিত্র, উদয়ন মিত্র, ইন্দ্রজিৎ মন্ডল, সুদীপ চ্যাটার্জি, সুমন জমাদার এবং আসিফুর রহমান। বৃহস্পতিবার দুপুরে পাঁচ তমের হাওা আদালতে তোলা হলে কুমার মিত্র এবং উদয়ন মিত্রের পাঁচ দিনের পুলিশ হেফাজত এবং ইন্দ্রজিৎ মন্ডল, সুদীপ চ্যাটার্জি, সুমন জমাদার এবং আসিফুর রহমানের ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেয় আদালত। কুমার মিত্র ওই বেসরকারি হোমের কর্ণধার বলে জানা গেছে। পুলিশ সূত্রের খবর, মৃত যুবকের ‘থিচুনি’ জাতীয় শারীরিক কিছু সমস্যা ছিল এবং তার মাদকে প্রবল আসক্তি ছিল। মঙ্গলবার রাতে ঘটনার সময় তাকে ‘মারধর’ের সময় (সিসিটিভি ফুটেজ দেখে দাবি) তার কিছু শারীরিক সমস্যা হয়েছিল বলে মনে করা হচ্ছে। যে কারণেই তার মৃত্যু হয়ে থাকতে পারে বলে অনুমান। যদিও ময়নাতদন্তের রিপোর্ট এলে মৃত্যুর কারণ জানা যাবে।

ফ্রেজারগঞ্জ থেকে উদ্ধার প্রক্রিয়াজাত হাঙরের বাচ্ছা ২

দুরন্ত বার্তা, দক্ষিণ ২৪ পরগণা, ১৭ আগস্ট : দক্ষিণ ২৪ পরগণার ফ্রেজারগঞ্জের বালিয়াড়া থেকে উদ্ধার হল প্রক্রিয়াজাত হাঙরের বাচ্ছা ।



এই ঘটনায় জড়িত সন্দেহে দুই ব্যক্তিকে গ্রেফতার করে পুলিশ। ধৃতদের নাম আশিশ দাস ও রঞ্জিত বাগা। ধৃতদের বৃহস্পতিবার কাকদ্বীপ এসিজেএম আদালতে পেশ করা হয় । এরপর তাদেরকে নিজেদের হেফাজতে নেওয়ার জন্য আবেদন জানান দক্ষিণ ২৪ পরগনা বিভাগীয় বন বিভাগ। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে এই ঘটনার সঙ্গে অন্য কেউ জড়িত আছে কিনা তা জানার চেষ্টা করবে বন আধিকারিক ও পুলিশ । সূত্রের খবর, দক্ষিণ ২৪ পরগণার বালিয়াড়া এলাকায় মূলতঃ শুটকি মাছের ব্যবসা চলে বহুদিন ধরে । সমুদ্র ও নদী থেকে ধরা পড়া বিভিন্ন মাছ প্রক্রিয়াজাত করা হয়। এরপর সেগুলিকে বাইরের বাজারে পাঠানো হয়। সেখানেই হাঙরের বাচ্ছা শুকনো করার কাজ চলছিল। গোপন সূত্রে এই খবর পেয়ে গভীর রাতে বন বিভাগের আধিকারিকরা ঘটনাস্থলে হানা দেন । এরপরই সেখান থেকে প্রায় ৭০ ক্যারেট শুকনো হাঙরের বাচ্ছা উদ্ধার হয় । হাতে নাতে গ্রেফতার হয় দুজন । বন আধিকারিকরা জানিয়েছেন , ধৃতরা দীর্ঘদিন ধরে এই ব্যবসায়ের সঙ্গে জড়িত ছিল। এই বাচ্ছা হাঙর গুলোকে ফাঁস জাল দিয়ে ধরা হত। এরপর সেগুলিকে প্রক্রিয়াজাত করার জায়গায় আনা হত। এই ঘটনার সঙ্গে একটি বড় চক্র জড়িত আছে দীর্ঘদিন ধরে ।

অশোকনগরে নাট্যোৎসব

আশিশ কুমার ঘোষ, ১৭ আগস্ট : শ্রীনগর হাবড়া নাট্য মিলন গোষ্ঠী সম্প্রতই অশোকনগর শহীদ সদনে আয়োজন করলো দু দিনের নাট্যোৎসব। ১৪ আগষ্ট সন্ধ্যায় বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব সুতপেশ চক্রবর্তী প্রদীপ জ্বলে উৎসবের উদ্বোধন করেন। পশ্চিমবঙ্গ নাট্য একাডেমীর সহযোগিতায় দু দিনের নাট্যোৎসবে বিভিন্ন জেলা থেকে ৬ টি নাট্যদলের দ্বি়ে ভিন্ন স্বাদের নাটক মঞ্চস্থ হয় এই উৎসবে । প্রথম দিন বিরাটি ব্রাত্য সারথী প্রযোজিত সৌমেন দাস রচিত ও নির্দেশিত পরম্পরা নাটকটি অভিনীত হয়। এরপর শিশুজন্ম বাংলা’র প্রযোজন নাট্যদলের প্রযোজনা ছিল চিকানা ময়নাদীপ। এই নাটকের রচয়িতা অশোক দে, এবং নির্দেশনায় ছিলেন যোগরাজ চৌধুরী। এদিনের শেষ নাটক ছিল খটুখা চিত্তপটের মোহনদাসের মুষ্টি। রানা ও নির্দেশনায় ছিলেন শুভাশিস রায়চৌধুরী। উৎসবের দ্বিতীয় দিনে আয়োজক সংস্থা শ্রীনগর হাবড়া নাট্য মিলন গোষ্ঠীর নিজস্ব প্রযোজনা দেশপ্রেমের নাটক রণভূমি দর্শকদের মনে সাড়া জাগিয়েছে। এই নাটকের রচয়িতা ও নির্দেশক ছিলেন দিলীপ ঘোষ। দ্বিতীয় নাটক হোয়ারতাদ্ধা নকসা প্রযোজিত মৈনাক সেনগুপ্ত রচিত ও আশিশ দাস নির্দেশিত হুল্লো, এবং শর্বশেষ নাটক ছিল অশোকনগর অর্ক পরিবেশিত শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের কাহিনী অলম্বলনে উদয়নদীল ভট্টাচার্য রচিত অজ্ঞাত রাশি। নির্দেশনায় ছিলেন অংশুপ্রত চট্টোপাধ্যায়।

শিলিগুড়িতে ১০ কোটির মাদক সহ গ্রেফতার হল পাঁচ

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৭ আগস্ট : শিলিগুড়িতে অভিযান চালিয়ে ৫ কেজি ৪০০ গ্রাম ব্রাউন সুগার সমেত পাঁচজনকে গ্রেফতার করল শিলিগুড়ি পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ (এসওজি), ভক্তিনগর ও শিলিগুড়ি থানার পুলিশ। গোপন সূত্রে খবরের ভিত্তিতে বুধবার দুপুরে শহরের দুটি এলাকায় অভিযান চালিয়ে অভিস্রুদের গ্রেফতা করা হয়েছে। ধৃতরা হল দুর্গা সোরেন, প্রদীপ মুন্ডা, রশিদ শেখ, বাছাই কিসকু এবং রঞ্জন মাঝি। এদের মধ্যে রশিদ শুধুমাত্র মালদার বাসিন্দা। বাকি চারজনই শিলিগুড়ি মহকুমার খড়িবাড়ি এলাকার বাসিন্দা বলে জানিয়েছে পুলিশ। ধৃতদের হেপাজত থেকে উদ্ধার হওয়া মাদকের বাজার মূল্য প্রায় ১০ কোটি টাকা। ধৃতদের বৃহস্পতিবার আদালতে তুলে হেপাজতে নেয় পুলিশ। মালবার বাসিন্দা রশিদ শিলিগুড়িতে মাদক সাপ্লাই দিতে এসেছিল বলে খবর। শিলিগুড়ির পুলিশ কমিশনার অখিলেশ চট্টবৈদ্য বলেন, অভিযুক্তদের গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ঘটনায় আর কেউ জড়িত রয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। ঘটনায় বড় চক্র জড়িত রয়েছে বলে দাবি পুলিশের।

আদিবাসী বিক্ষোভ

দূরন্ত বার্তা, বালুরঘাট, ১৭ আগস্ট : একাধিক দাবিতে বালুরঘাটে জেলা প্রশাসনিক ভবন ঘেরাও করে তীর ধনুক নিয়ে বিক্ষোভ দেখাল ভারত জাগত মাঝি পরগণা মহল। বৃহস্পতিবার বালুরঘাটে জেলা প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ দেখায় শতাধিক আদিবাসী সম্প্রদায়ের মানুষ। বিক্ষোভকারীদের দাবি, বর্তমানে নানাদা্বে আদিবাসীদের বঞ্চিত করা হচ্ছে। আদিবাসী বন সংরক্ষণ আইন অনুযায়ী, আদিবাসীদের বনে থাকার অধিকার দিতে হবে। আদিবাসীদের শংসাপত্র জাল করা হচ্ছে। এটা অবিলম্বে বন্ধ করতে হবে। প্রত্যেক জেলায় সার্বভৌম মিডিয়ামের স্কুল খোলা ও পঠন-পাঠন করতে হবে। মণিপুরে আদিবাসীদের উপর যেমন অত্যাচার করা হচ্ছে তার প্রতিবাদেও এদিন সরব হয়েছে ভারত জাগত মাঝি পরগণা মহল। এদিন একাধিক দাবি সম্মিলিত পত্র জেলা প্রশাসনের কাছে তুলে দেন তারা। এদিকে আদিবাসীদের ঘেরাও বিক্ষোভকে কেন্দ্র করে যাতে কোনরকম অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য বিশাল পুলিশ মোতায়েন করা হয় বালুরঘাট জেলা প্রশাসনিক ভবন চত্বরে। এই ঘটনা ঘিরে প্রশাসনিক ভবন চত্বরে যথেষ্ট উত্তেজনার পরিবেশ ছিল।

লোকশিল্পী আসর

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৭ আগস্ট : লোকশিল্পকে পুনর্জীবিত করতে উদ্যোগী রাজ্য সরকার। লোকশিল্পীদের মান উন্নয়ন ও বিকাশ ঘটাতে অনুষ্ঠিত হলো লোকশিল্পী সম্মেলন।বৃহস্পতিবার শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে দার্জিলিং জেলার লোকশিল্পীদের সম্মেলন অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্ঞনকে করে অনুষ্ঠানের সূচনা করেন মেয়র সৌমেন দেব। এছাড়াও অনুষ্ঠানে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কথা গানের মাধ্যমে তুলে ধরেন শিল্পীরা। মেয়র সৌমেন দেব জানান, তাদের সরকারের লুল লক্ষ্যই হলো এই শিল্পীদের উন্নয়ন ঘটানো। বর্তমানে এই রাজ্যের ১লক্ষ ৯৪ হাজার লোকশিল্পী সরকারী ভাটার অন্তর্ভুক্ত রয়েছে। আগামীতে কিভাবে আরও শিল্পীদের এই ভাটার অন্তর্ভুক্ত করা যায় সেই উদ্দেশ্যে এই সম্মেলন বলে জানান তিনি।

বেঙ্গল সাফারিতে আসতে চলেছে সিংহ

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৭ আগস্ট : পুজোর আগে নতুন করে সাঁজিয়ে তোলা হচ্ছে শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্ককে। দর্শকদের কাছে আরও আকর্ষণী করে তুলতে আনা হবে আফ্রিকান সিংহ। তবে অফ্রিকা থেকে নয় আনা হচ্ছে ভারতেই দুটি চিত্রিয়াখানা থেকে। সাফারি কর্তৃপক্ষ সূত্রে খবর আনা হচ্ছে গিবনও। এই আফ্রিকান সিংহকে রাধার জন্য পার্ক তৈরি কাজ প্রায় শেষ পর্যায়ে। সূত্রের খবর, বাছাই করা হয়েছে সিংহ। কলকাতার আলিপুর এবং ত্রিপুরার চিত্রিয়াখানা থেকে দুটি সিংহ আনা হবে বেঙ্গল সাফারি পার্কে। এছাড়া আনা হচ্ছে গিবনও। এছাড়া ওখাঁি গাছের সাপ নিয়ে তৈরি হচ্ছে একটি পার্কও। এছাড়া ওখাঁি গাছের সাপ এবং একটি আফ্রিখিটোয়াও পুজোর আগে দর্শকদের জন্য খুলে দেওয়া পরিকল্পনা রয়েছে কর্তৃপক্ষের। সিংহ এবং গিবন আনার জন্য চিত্রিয়াখানা কর্তৃপক্ষের কাছে অনুমতি চেয়েছ রাজ্য বন দফতর। দফতরতের আশা সেপ্টেম্বরের মাঝামাঝি এই অনুমতি মিলতে পারে। তাই জোরকদমে নতুন বাসিন্দাদের জন্য পার্ক সাজানোর কাজ শুরু হবে। রাজ্য বন দফতরের সচিব, সৌরভ চৌধুরী বলেন, কেন্দ্রীয় চিত্রিয়াখানা কর্তৃপক্ষের অনুমতি ছাড়া নতুন বন্যপ্রাণী আনা সম্ভব নয়। বেঙ্গল সাফারিকে আকর্ষণীয় করতে কিছু নতুন বন্যপ্রাণী আনা হবে। কেন্দ্রীয়

পরিষেবা নিয়ে ক্ষোভ কোচবিহার পুরসভার বিরুদ্ধে

চেয়ারম্যানকে স্মারকলিপি বিজেপির

দূরন্ত বার্তা, কোচবিহার, ১৭ আগস্ট : কোচবিহার পৌরসভার বেহাল পৌর পরিষেবার প্রতিবাদে বৃহস্পতিবার বিজেপির কোচবিহার শহর মন্ডল কমিটির পক্ষ থেকে কোচবিহার পৌরসভার চেয়ারম্যানের কাছে একটি স্মারকিক প্রদান করা হয়। বিজেপির অভিযোগ ভেঙে পড়েছে কোচবিহার পৌরসভার পৌর পরিষেবা। নিকশী নালা থেকে শুরু করে রাস্তাঘাট সবকিছুর বেহাল দম্না। শহরের বুকে বাড়ছে ডেঙ্গু পীড়াক্তের সংখ্যা। কোচবিহার পৌরসভা চেয়ারম্যান পৌরসভার পরিষেবা নিয়ে উদাসীনা। অপরদিকে কোচবিহার পৌরসভার নাগরিকদের উপর বাড়িয়ে চলছেন করের বোঝা। বাড়ির প্লান পাস করানোর জন্য তিনগুণ বেশি টাকা নেওয়া হচ্ছে পৌরসভার পক্ষ থেকে। যার ফলে নাজেহাল অবস্থা কোচবিহার পৌরসভার সাধারণ নাগরিকদের। অবিলম্বে অন্যায়াভাবে চাপিয়ে দেওয়া কর বাতিলের দাবিতে এবং সঠি পৌর নাগরিক পরিষেবার দাবিতে আজ শহর জুড়ে মিছিল করে পৌরসভার সামনে উপস্থিত হয়ে বিক্ষোভ প্রদর্শন করেন বিজেপি কর্মীরা। কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিধায়ক নিখিল রঞ্জন দে’র নেতৃত্বে চলে এই বিক্ষোভ কর্মসূচি।



বিক্ষোভের পাশাপাশি কোচবিহার পৌরসভার পৌরপতি রবীন্দ্রনাথ ঘোষের কাছেও একটি স্মারকলিপি প্রদান করা হয়। যদিও রবীন্দ্রনাথ ঘোষ জানান, পৌর অধিদপ্তর মেনেই সমস্ত কর ধার্য করা হয়েছে। এছাড়াও শহরের অনেকেই রাতের অন্ধকারে নোংরা আবর্জনা রাস্তা এবং নিকাশী নালায় ফেলছে। আমরা যেমন তৎপরতার সঙ্গে মানুষকে সচেতন করছি এবং প্রতিদিন নোংরা আবর্জনা পরিষ্কার করছি, তেমনি ভাবে বিজেপির নেতৃ বৃন্দের কাছেও আবেদন জানিয়েছি। তারাও যেন

মানুষকে সচেতন করেন। বিজেপি নেতা তথা বিধায়ক নিখিল রঞ্জন দে বলেন, শহরের রাস্তাঘাট হসংরূপের অভাবে চলাচলের অযোগ্য হয়ে দাঁড়িয়েছে। নিকশী নালা বেহাল। পুরসভা নিজেরও কাজ করছে না। আমি বিধায়ক উন্নয়ন তহবিলের টাকা দেব, সেটাও নিচ্ছে না। যদিও পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ বলেন, উনি কোথায় টাকা দেনেন, দেবেন না সেটা ওনার ব্যাপার। তবে গত দুবছরে উনি কেন একথা বলেননি? পূর পরিষেবা নিয়ে কোনও অভিযোগ জানাননি।

মায়ের কোল থেকে ছটকে নদীতে নিখোঁজ

দূরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১৭ আগস্ট : ২ সড়ক সপ্তস্রশরারের কাজ চলছে কয়েক বছর ধরে। আর তার জেরে ৩১ নম্বর জাতীয় সড়কের ফালাকাটা-আলিপুরদুয়ার অংশে নরক রহুগা সয়ে চলছেন স্থানীরা। তার ওপর বর্ষায় রাস্তার হাল এতটাই খারাপ যে খুব দরকার ছাড়া ওই পথে যাতায়াত করেন না কেউ। কিন্তু সেই সড়কেই যে ৬ মাসের একটি শিশুর গাড়ি কেড়ে নেবে তা কখনা করতে পারেনি কেউ। যা ঘটল বুধবার রাত্তো মায়ের কোল থেকে চর তোসাঁ নদীর ওপর অস্থায়ী সেতু পার করার সময় ছিটকে পড়ে মৃত্যু হল তারা। এর পরই রাস্তার হাল নিয়ে ক্ষোভ ছড়িয়েছে এলাকায়া। আলিপুরদুয়ার থেকে ফালাকাটা পর্যন্ত ৩১ নম্বর জাতীয় সড়কের সপ্তস্রশরারের কাজ চলছে পুরোদমে। কার্যত সেখানে রাস্তা বলে কিছু অবশিষ্ট পড়ে মৃত্যু হল তাই।




একই সঙ্গে ডুর্যর্সের নদীগুলির ওপর ব্রিজগুলিকেও চওড়া করা হচ্ছে। সেজন্য হিউম পাইপ ফেলে নদীর ওপর তৈরি করা হয়েছে অস্থায়ী সেতু। তার ওপর দিয়েই চলছে গাড়ি। বুধবার রাত্তো মোটর সাইকেলে চড়ে রাইচেন্দ্রায় মামাবাড়ি থেকে মায়ের গাড়ি কেড়ে সাবেবেপাঁতায় বাড়ি ফিরছিল ৬ মাসের শিশুটি। সঙ্গে ছিল বাবা। মোটরসাইকেলে চালাছিলেন দলার। উভয় দমস। চর তোসাঁ নদীর ওপর তৈরি অস্থায়ী সেতুতে একটি লরিকে পাশ কাটাতে গিয়ে মোটরসাইকেলসহ নদীতে পড়ে যান চর জতাই। রাত ৮ নাগাদ এই ঘটনায় পথচলতি অন্যান্যরা মিলে উদ্ধারবা্ ত্বর স্ত্রী ও বড় ছেলেকে উদ্ধার করে। কিন্তু ৬ মাসের শিশুপুত্রের খোঁজ পাওয়া যায়নি। খবর পেয়ে পুলিশ ও দমকল ঘটনাস্থলে পৌঁছায়। শিশুটির খোঁজ শুরু করে তারা। সুবাদকে হারিয়ে বিহ্বল দম্পতি। এই ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার সকাল থেকে এলাকায় উত্তেজনা ছড়ায়। অবিলম্বে রাস্তা সংস্কারের দাবিতে চর তোসাঁ সেতুর কাছে পথ অবরোধ করে গণসংগ্রাম কমিটি।

রাজ্যপালে অসন্তুষ্ট

দূরন্ত বার্তা, মালদা, ১৭ আগস্ট : যাদবপুর বিশ্ববিদ্যালয়ে র্যাগিংয়ের অভিযোগ এবং ছাত্রমৃত্যুর ঘটনায় দ্রুতমূল্যে প্রতিবাদ করল মালদা জেলা তৃণমূল ছাত্র পরিষদ। বৃহস্পতিবার মালদা কলেজ গেটের সামনে সিপিএমের ছাত্র সংগঠন এসএফআই এবং রাজ্যপালের ভূমিকা নিয়ে ব্যাপক বিক্ষোভ দেখায় তৃণমূল ছাত্র পরিষদের মালদা শাখার কর্মকর্তারা। পাশাপাশি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে র্যাগিংয়ের ঘটনায় ছাত্র মৃত্যুর প্রতিবাদে তৃণমূল ছাত্র পরিষদের ডেপুটীসনের সময় এসএফআই ছাত্র সংগঠনের দ্বারা তৃণমূল ছাত্র পরিষদের কর্মীদের উপর আক্রমণের প্রতিবাদ জানিয়ে এদিন প্রতিবাদ বিক্ষোভ দেখায় তৃণমূল ছাত্র পরিষদ। তৃণমূল ছাত্র পরিষদের প্রধান সহ সভাপতি অমিত শেঠ জানিয়েছেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রমৃত্যুর ঘটনার পর ডেপুটেশন দেওয়াকে ঘিরে এসএফআই কর্মীরা তৃণমূল ছাত্র পরিষদের সদস্যদের উপর হামলা চালিয়েছে। সেই ঘটনার বিধ্বার জানিয়েছি। এছাড়াও রাজ্যপালের ভূমিকাতেও আমরা অসন্তুষ্ট। তাই এদিন এসব বিষয় নিয়ে বিক্ষোভ এবং প্রতিবাদ করা হয়েছে।

আসানসোলে ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যু এক যুবকের







দূরন্ত বার্তা, আসানসোল, ১৭ আগস্ট : ডেঙ্গি নিয়ে উদ্বেগ বাড়ছে রাজ্যজুড়ে। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে একাধিক পদক্ষেপ করছে প্রশাসন। এর মধ্যেই ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যুর ঘটনাও ঘটছে। বৃহস্পতিবার আসানসোলে ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যু হল এক যুবকের। মৃতের নাম অবিনাশ সাউ। বাড়ি পুরনিগমের ৪২ নম্বর ওয়ার্ডের রান্নানিয়া পাড়া এলাকায়। বৃহস্পতিবার সকালে দুর্গাপুরে একটি বেসরকারি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যুর কথা হাসপাতালের রক্‌ফে জানানো হয়েছে। এদিকে যুবকের মৃত্যুর পরই নড়েচড়ে বসেছে আসানসোল পুরনিগম ও পশ্চিম বর্ধমান জেলা স্বাস্থ্য দপ্তর। এদিন খবর পেয়ে এলাকায় যান ওয়ার্ড কাউন্সিলার অমিতাভ বসু। তাঁর সঙ্গে যান স্বাস্থ্যকর্মী, আশাকর্মী ও



স্বাধীকর্মীরা। দুপুরের পর মেডিকেল অফিসার সহ একটি টিম নিয়ে এলাকা পরিদর্শনে যান পুরনিগমের স্বাস্থ্য দপ্তরের মেয়র পরিষদ বিনোদু ভগৎ। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক (সিএমওএচি) ডাঃ ইউনুস খান ডেঙ্গিতে যুবকের মৃত্যুর কথা জানিয়েছেন। তিনি বলেন, এলাকায় টিম গিয়েছে। নজরদারি চলছে।

ডেঙ্গির প্রকোপ সামলাতে প্রয়োজনীয় সব পদক্ষেপ করা হয়েছে। এদিকে যুবকের মৃত্যুর ঘটনায় স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। জানা গিয়েছে, ওই এলাকায় একাধিক খাটাল রয়েছে। সেখান থেকে গোবর ও নোংরা-আবর্জনা যেখানে সেখানে পড়ে থাকে। তাতে নর্দমাও ভরে যায়। জল জমে থাকে। স্থানীয়দের

অভিযোগ, পুরনিগম কর্তৃ পক্ষের নজরদারি ও পদক্ষেপের অভাবে এই এলাকা ডেঙ্গির আঁতুড়ধর হয়েছে। যদিও আসানসোল পুরনিগম কর্তৃপক্ষ এই অভিযোগ মানতে নারাজ। ওয়ার্ড কাউন্সিলার থেকে ওই এলাকায় কাজ করা আশাকর্মীরা বলেন, খাটাল মালিকেরা কোনও কথা শোনেন না। বাড়িতে কাউকে ঢুকতে দেন না।



স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আরএসিপিসি বিধানগর, কোড নং : ১৫৪৪২ জোনাল অফিস রিভিঃ (৪র্থ ফ্লোর), ১/ ১৩, ডি.আই.পি. রোড, বিধাননগর, কলকাতা-৭০০০৪৪					নোটিস অধীন ১৩(২) সাধারণশি আইন,২০০২
এম্বেরা বিদ্যাপতি করা যা যে উল্লিখিত গ্রাহক ২ শ্রীমতি সুন্দা দে৷ ও শ্রী কৃষ্ণ পন দে৷রায় হারিয়ে পরিশোধ করতে বাক্যে মূল বাসি সঙ্গে দু৷ বণ্য সুবিধায় যা গ্রহণ করছেন ব্যাঙ্কের কাছ থেকে এবং যা প্রদর্শিত হয়েছে নং-পারফর্ম ব্যাচেট (এনপিএ) হিসাবে। এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে আনয়ি নং৷ ১৬(২) নিরাপত্তাপত্রক এবং পূর্বদিনে আর্থিক সম্পর্কিত এবং প্রত্যেক নিরাপত্তা ব্যাগ্রহ আইন,২০০২ তাদের সর্বশেষ জ্ঞাত সিদ্ধান্ত, কিন্তু তা কেবত এতদেও অতিরিক্ত হিসাবে এবং যার ফলে তাদের এই বিজ্ঞপ্তি মধ্য দিয়ে জ্ঞাত কার্যো ছাড়ে।					
ক্র. নং.	গ্রাহক ও জ্ঞানিদানের নাম ও চিহ্ননা	সম্পর্কিত বিবরণ। সূরক্ষিত সম্পর্কিত চিহ্ননা যাযোতে প্রদর্শায় হবে	রিজিষ্ট্রর তারিখ	এনপিএ তারিখ	বকেয়া রাশি (নোটিশের তারিখে)
১	গ্রাহক : অরুণ এবং সান্দ্রী দে৷রায়। শ্রী কৃষ্ণ পন দে৷ জ্ঞানিদার : এম। মুনাল দে৷স বকেয়া টিকানো : ৪৯১/১, ভাঙ্গল নগর, পোস্ট ও থানা- অশোক নগর, ডাঙর ২৪ পরগনা, পিন-৭৪২২২২	সময় অরুণ এবং সান্দ্রী দে৷রায় পরিণাম কম যা বেশি ৩ কাটা ৫ ছাঁক ১৫ বৎসর বাড়ি রয়েছে যা অধিগত ঠোঁটা-মোদিনপুর, জেলানং. ৬৬, সাবেক খতিদান নং.-৩, সি.এস. প্লট নং. ১০২১, এল.এ.পি. নং. ৪৯১/১, অধীন অশোকনগর ক্যানালপাট পৌসভায়, রেফিগ নং. ১১৬/১০, ওয়ার্ড নং. ১৬, নথিভুক্ত ব্লক নং. ১, ডলিফন নং. ১১৬, পাড়া নং. ২৬০ থেকে ২৪৭, ডিউ নং. ৪১৪৯ সাল ২০০৫, এডিএমআরও-গুমা, থানা- অশোকনগর, কোলা-উত্তর ২৪ পরগনা। সম্পর্কিত চারদশমের পরিশীমা হল ৬ উত্তরে- পৌসভাওয়ার দাগ, দলিলা-প্লট নং. ৪৯২, পূর্ব-৪৯২, পশ্চিম-ভূমি ও পঞ্চক ব্যাবহারি দাগ। সম্পর্কিত রয়েছে শ্রীমতি সুন্দা দে৷ ও শ্রী কৃষ্ণ পন দে৷স।	০৪.০৪.২০২৩	২৮.০৫.২০১৭	টাকা, ৫,৬৬,১৮৪.০০ (টাকা পাঁচ হাজার ছয়শত মারুদ হাজার দুইশত দুয়ান্ন হাজার) ১২,০১,০০২৩ তারিখে।
পদক্ষেপ ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে নোটিশের বিক্ষম দলনে। উপরেউক্ত গ্রাহক/জ্ঞানিদার/দে৷র উত্তরাধিকারীদের জানানো যা যে পরিশোধ করতে যে বকেয়া রয়েছে ব্যাঙ্কের কাছে সঙ্গে আন-টু-ডেই সুই এই বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার ৬০ দিনের মধ্যে, যদি তাছাতে বার্থ হয় পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে এই নোটিশের মেয়াদের ৬০ দিন শেষ হওয়ার পর অধীন উপ-ধারা(৪) ধারা ১১ নিরাপত্তাপত্রক এবং পূর্বদিনে আর্থিক সম্পর্কিত এবং প্রত্যেক নিরাপত্তা ব্যাগ্রহ আইন,২০০২ নৈরেককে।					
গ্রাহকের অন্তিমভাবে আকর্ষিত করা যা যে বদোদায় অধীন সা-সেকশন(৮) অধীন সেকশন ১৩ আইনে, উপন্যুক্ত সময়ের মধ্যে সুরক্ষিত সম্পদগুলি খালাস করার জন্য।					
তারিখ : ১৮.০৫.২০২৩, স্থান : বিধানগর।					

টলি-বলির টুকরো খবর

অপ্রতিরোধ্য দেব! ‘ব্যোমকেশ’-এর সাফল্যের মাঝেই প্রকাশ্যে ‘বাঘাযতীন’

স্বাধীনতা দিবসের প্রাক্কালে বড়পর্দায় মুক্তি পায় দেবের ‘ব্যোমকেশ ও দুর্গরহস্য’। ছবি নিয়ে প্রতিক্রিয়া মিশ্র হলেও বক্স অফিসের রিপোর্ট অনুযায়ী ভালোই ব্যবসা করছে সেই ছবি। এক ছবি যখন রমরমিয়ে ব্যবসা করছে, তার মাঝেই পুজোর ছবির টিজার প্রকাশ করলেন দেব। এবার পুজোয় দেশ প্রেম নিয়ে পর্দায় ফিরছেন দেব। এবার যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়ের চরিত্রে ধরা দেবেন দেব । তার আগামী ছবি অরুণ রায় পরিচালিত ‘বাঘা যতীন’। স্বাধীনতা দিবসের আগের দিন বাংলা ভাষায় সামনে এসেছে সেই ছবির টিজার। স্বাধীনতা দিবসের দিন হিপ্পিতে রিলিজ হয় ছবির টিজার। গত ২

দিনে এই টিজার ইউটিউবে দেখে ফেলেছেন প্রায় ৫

লক্ষে বৈশি মানুষ। গত বছর স্বাধীনতা দিবসে এই ছবির ঘোষণা করেছিলেন দেব। তবে এবার পুজো রিলিজ নয়া চমক দিতে চলেছেন দেব। শুধু বাংলায় নয়, দেবের ‘বাঘা যতীন’ রিলিজ করবে প্যান ইন্ডিয়ায়। একই সঙ্গে এই ছবি মুক্তি পাবে বাংলা ও হিন্দিতে। এর আগে চ্যাম্পের হিন্দি ভার্সনও মুক্তি পাবে ইউটিউবে। এখনও পর্যন্ত যার ভিউ ৬.৮ মিলিসান। তবে একসঙ্গে দুটি ভাষায় ছবির প্রকাশ এই প্রথম। মঙ্গলবার প্রকাশ্যে এল ‘বাঘাযতীন’-এর টিজার। টিজারের শুরুতেই শুকনো পাতার উপর দিয়ে ছুটে আসতে দেখা গেল যতীন রূপে দেবকে, হাতে বন্দুকা টিজারে দেখা গেল দেবের ধূর্ধ্ব অ্যাকশন। ছোট ছোট ঝলকে উঠে এল ইংরেজদের বিরুদ্ধে যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়ের লড়াইয়ের চিত্র। দেবের বাঘাযতীন-এর অফিসিয়াল পোস্টারে দেখা গিয়েছিল দেবের গাল ভর্তি দাড়ি, শাকি রঙের পোশাক আর তার মাথায় পাগড়ি বাঁধা, বড় ঝড় চোখে

বন্দুক কাঁখে দাঁড়িয়ে নায়ক। এর আগেও এক শিশুকে কাছে নিয়ে জঙ্গল থেকে বেরিয়ে আসার ছবি পোস্ট করেছিলেন দেব।

বাঘাযতীনের বৃদ্ধ লুকেও ভাইরাল

হয়েছিলেন অভিনেতা। ছবির পরিচালক অরুণ রায় রিসার্চ করে তৈরি করেছেন চিত্রনাট্য। দেব এন্টারটেনমেন্ট ভেঞ্চার্সের ষষ্ঠতম বর্ষপূর্তিতে এই খবর অনুরাগীদের সামনে এনেছিলেন দেব। এদিন ‘বাঘাযতীন’-এর পোস্টার শেয়ার করে দেব লেখেন, ‘ভারতের স্বাধীনতার ৭৬ তম বছর পূর্তিতে দেব এন্টারটেনমেন্ট ভেঞ্চার্স-এর নিবেদন- ‘বাঘা যতীন’। বাংলা তথা ভারতের অবিস্মরণীয় স্বাধীনতা সংগ্রামী যতীন্দ্রনাথ

মুখোপাধ্যায়ের স্বাধীন স্বদেশ গড়ার স্বপ্নের অকথিত কাহিনি। আশা করি আপনাদের সকলের খুব ভালো লাগবে। এই পুজো ‘বাঘাযতীন’এর সঙ্গে! বদে মাতরম্!’ ২০ অক্টোবর মুক্তি বাংলা এবং হিন্দিতে গোটী দেশ জুড়ে মুক্তি পাচ্ছে ছবিটি। এই ছবিতে দেবের পাশাপাশি অন্যান্য চরিত্রে দেখা যাবে সুদীপ্তা চক্রবর্তী, রোহন ভট্টাচার্য, শোয়েব কবীরকে। এই ছবির হাত ধরেই টলিউডে পা রাখছেন নবাবগতা সৃজনা দত্ত। এই প্রথম স্বাধীনতা সংগ্রামীর চরিত্রে অভিনয় করবেন তিনি। গত দেড় বছর ধরে এই ছবির চিত্রনাট্য লিখেছেন অরুণ রায়। শোনা যাচ্ছে ছবিতে ভিএফএক্সের অনেক কাজ দেখা যাবে। যতীন্দ্র নাথ মুখোপাধ্যায়ের সঙ্গে বাঘের লড়াই তুলে ধরা হবে গ্রাফিক্সের মাধ্যমে। ওড়িশার বারিপদায় এই ছবির শ্যুটিংও চোখে আঘাত পেয়েছিলেন দেব, ব্যাভেজ্ঞও পড়েছিল চোখে। বোঝাই যাচ্ছে, এই ছবির হাত ধরে অনেকটাই পরিশ্রম করেছেন দেব। এখন অপেক্ষা বড়পর্দায় ছবি মুক্তির।

দুঃস্বদের তাড়িয়ে কটাক্ষের শিকার সানি

সানি দেওলের ৪০ বছরের ফিল্মি কেরিয়ারে মাইলস্টোন ‘গদর ২’। বক্সঅফিসে রমরমিয়ে চলছে। মাত্র এক সপ্তাহেই আড়াইশো কোটির ব্যবসা করে ফেলেছে এই সিনেমা। শাহরুখ খানকে টেকা দিতে না পারলেও সলমন খান, রণবীর কাপুরদের চলতি বছরের রেকর্ড ভেঙে চুরমার করে দিয়েছেন সানি দেওল। তবে বক্সঅফিসে ‘গদর ২’র ব্যবসার অঙ্ক দেখে কি মাথা ঘুরে গেল সানি দেওলের? এমন প্রশ্নেই এখন তোলপাড় নেটপাড়া। তুমুল কটাক্ষের মুখেও পড়তে হল ‘চায় কিলো কা হাত’-এর মালিককে। কেন? সম্প্রতি বলিউডের বর্তমান সুপারস্টারকে দেখতে পেয়েই ভীড় জমিয়েছিলেন তার একঝাঁক ভক্তরা। সানি দেওলকে দেখে সেই দুঃস্থ মানুষগুলির মুখে যেন ফুটে উঠেছিল চণ্ডা হাসি! অতঃপর



তড়িঘড়ি কেউ মোবাইল বের করে অভিনেতার সঙ্গে ছবি তুলতে যান, আবার কেউ বা করমর্দন করতে। কিন্তু অনুরাগীদের দেখে কুশল মঙ্গল বিনিময় করা তো দূরঅন্ত, বরং দূর দূর করে তাড়িয়ে দিলেন! মুখে আঙুল দিয়ে চূপ করাতেও দেখা গেল অভিনেতাকে। আর সেই মুহূর্তের ভিডিও ভাইরাল হতেই নেটপাড়ায় ভয়ংকর কটাক্ষের মুখে

পড়তে হল সানি দেওলকে। কেউ বলছেন, ‘একটা ছবি হিি দিয়েই এত অহংকার!’ আবার কারও মন্তব্য, ‘ছিঃ! ২০০ কোটির দোমাগা!’ কেউ কেউ আবার শাহরুখ খানের সঙ্গে তার তুলনা টেনে আচরণ টিক করার উপদেশ দিলেন। কেউ বলছেন, ‘আপনি কি ভুলে গেছেন, এরকম চেহারা নিয়ে এতদূর কাদের জন্য আসতে পেরেছেন?’ শুধু তাই নয়, সম্প্রতি

বিমানবন্দরে এক ভক্তের উপর তো চিংকার করেই বসলেন ছবি তোলার জন্য। চোখ রাঙিয়ে তাঁকে বলতে শোনা গেল, আরে তোলা না ফটো! সানির নিরাপত্তারক্ষীরা ওই ভক্তকে ধাক্কা দিয়ে সরিয়েও দেন পরে। সেই ভিডিও এখন দাবানল গতিতে ভাইরাল। অনুরাগীদের প্রতি সানি দেওলের এমন আচরণ দেখে ক্ষিপ্ত নেটপাড়া।

অসুস্থ পরিচালক সৃজিত মুখোপাধ্যায়

কী হয়েছে পরিচালক সৃজিত মুখোপাধ্যায়ের? হঠাৎ কেন এমন পোস্ট ফেসবুকে! কোন অন্ধকারের কথা বলছেন সৃজিত? হ্যাঁ, বুধবার রাত থেকেই গোটী টলিপাড়া জুড়ে কানায়ুষো। অনেকের প্রশ্ন সৃজিত কি কোনও বিপাকে পড়েছেন? তবে পরিচালক কিন্তু স্পিককটি নট। শুধুই ইঙ্গিতপূর্ণ পোস্ট। বুধবার হঠাৎই ফেসবুকে সৃজিত লিখলেন, ‘অন্ধকার নামছে, খুব অন্ধকার’। টলিপাড়া সূত্র থেকে পাওয়া খবর অনুযায়ী, প্রবল জ্বরে ভুগছেন সৃজিত। নতুন ছবি দশম অবতারণের শূটিং শেষ করার পর থেকেই জ্বরে নাকি কাহিল পরিচালক। শোনা গিয়েছে, এই ছবির অল্প শূটিংয়ের জন্য বৃহস্পতিবার উত্তরবঙ্গে নাকি যাওয়ার কথা ছিল ছবির টিমে। পরিচালকের শরীর এতটাই খারাপ যে, শূটিং শিডিউল বাতিল করতে হয়েছে। আপাতত, চিকিৎসকের লগ্নায়, বিশ্রামেই রয়েছেন তিনি। এর আগে ফেসবুকে পোস্ট করে সৃজিত লিখেছিলেন, সবাইকে ধন্যবাদ আমাকে শুভেচ্ছা জানানোর জন্য। তবে এই নিয়ে বিস্তারিত বলতে চাননি তিনি।

মাস্টারদা সূর্য সেন স্টেশনে ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম (বেস) পরিদর্শনে জেনারেল ম্যানেজার

কলকাতা, ১৭ আগস্ট : শ্রী পি উদয় কুমার রেড্ডি, জেনারেল ম্যানেজার, মেট্রো রেল ১৬.০৮.২০২৩ তারিখে যতীন দাস পার্ক থেকে কবি সুভাষ স্টেশন পর্যন্ত উত্তর-দক্ষিণ মেট্রো প্রসারিত পরিদর্শন করেছেন। এই



পরিদর্শনের সময়, তিনি মাস্টারদা সূর্য সেন মেট্রো স্টেশনে শীঘ্রই চালু হওয়া ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম প রি দ শ ’ ন ে ব্যক্তিগতভাবে গভীর আগ্রহ নিয়েছিলেন। ইনভার্টার এবং অ্যাডভান্স কেমিস্ট্রি সেল ব্যাটারির সংমিশ্রণ এই নতুন সিস্টেমটি হঠাৎ পাওয়ার কাট বা গ্রিড ব্যর্থতার ক্ষেত্রে বিস্ময়কর কাজ করতে সক্ষম। এই BESS সিস্টেম টানেলের ভিতরে বা ভায়াডাক্টে আটকা পড়া রেকগনাইজ হঠাৎ বিদ্যুৎ বিচ্ছিন্ন হওয়ার ক্ষেত্রে নিরুপতী মেট্রো স্টেশনের নিরাপত্তার জন্য নিয়ে যেতে পারে। শ্রী রেড্ডি পুরানো পাওয়ার ব্যাকআপ সিস্টেমটিও পরিদর্শন করেছেন যা বর্তমানে মেট্রো স্টেশনগুলিতে ব্যবহৃত হচ্ছে। জেনারেল ম্যানেজার যতীন দাস পার্ক মেট্রো স্টেশন থেকে বাণিজ্যিক সময় তার পরিদর্শন শুরু। মাস্টারদা সূর্য সেনের যাত্রার সময়, তিনি একটি মেধা রেকে (MR-৪১৬) নতুন ইনস্টল করা দরজা খোলার ব্যবস্থা পরিদর্শন করেন। সিস্টেমটি স্টেশনগুলির মধ্যে দরজা এবং প্ল্যাটফর্মের বিপরীত দরজাগুলি না খুলে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করে। শ্রী অসীম মজুমদার, প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী, এই পরিদর্শনের সময় সিস্টেমের কার্যকারিতা ব্যাখ্যা করেন, যেখানে অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। শ্রী রেড্ডি সিস্টেম সম্পর্কে তার সন্তুষ্টি প্রকাশ করেছেন এবং আশা করেছেন যে সিস্টেমটি যাত্রীদের নিরাপত্তা বহুগুণে বাড়িয়ে তুলবে।

বি.আর. সিং হাসপাতালে, উন্নত চিকিৎসা সুবিধার উদ্বোধনে জেনারেল ম্যানেজার

কলকাতা, ১৭ আগস্ট : রেলওয়ের অবসরপ্রাপ্ত সুবিধাভোগীদের জন্য স্বাস্থ্যসেবা পরিষেবার উন্নতির জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপে, পূর্ব রেলের জেনারেল ম্যানেজার শ্রী অমর প্রকাশ দ্বিবেদী ৭৭তম স্বাধীনতা দিবস উ পলক্ষে

বি.আর সিং রেলওয়ে হাসপাতালে উন্নত চিকিৎসা সুবিধার এক টি সিরিজ উদ্বোধন করেছেন। শ্রী দ্বিবেদী একটি আপগ্রেডেড কেবিন কমপ্লেক্স, অপারেশন থিয়েটারে একটি অত্যাধুনিক ভিট্রেক্টমি মেশিন, মেডিকেল স্টোরে একটি আধুনিক ওয়াক ইন ক্লার, একটি ৮ শয্যা বিশিষ্ট হাউ ডিনেনডেন্সি ইউনিট এবং একটি উন্নত এইচপিএলসি মেশিনের প্যাথলজি বিভাগে উদ্বোধন করেন। শ্রী দীপক নিগম, জেনারেল ম্যানেজার, শিলাদহ, ডাঃ ইন্দ্রিা মা, বি.আর. সিং হাসপাতালের মেডিকেল ডিরেক্টর এবং অন্যান্য বিভাগের প্রধানদের উপস্থিতিতে বি.আর. সিং হাসপাতাল। বি.আর. সিং হাসপাতালে নতুন সংযোজন পূর্ব রেলওয়ের চিকিৎসা উদ্ভাবন এবং অভিজ্ঞতার অগ্রভাগে থাকার জন্য ক্রমাগত প্রচেষ্টার ইঙ্গিত দেয় যা এর কর্মচারী এবং সুবিধাভোগীদের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ হবে।

কোভিড-সংক্রমণ কমে পৌঁছল ৩৩-এ, ভারতে মৃত্যু দু’জনের

নয়াদিল্লি, ১৭ আগস্ট : ভারতে করোনার দৈনিক সংক্রমণ নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে, বিগত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছে ৩৩ জন। বুধবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়েছে দু’জনের, এই সময়ে সৃষ্ হলেছেন ৪৫ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা- রোগীর সংখ্যা এই মুহূর্তে ১,৪৩৬ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩১,৯২৪। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সৃষ্ হয়েছে ৪,৪৪,৬৩,০৬৬ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৬ আগস্ট সারা দিনে ভারতে ২৬,২৯৮ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাটুপেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৫৮,৯৬৭-তে পৌঁছেছে।

শিগরিরই সস্তা হবে গম? জনতাকে স্বস্তি দিতে বড় পদক্ষেপের ভাবনা কেন্দ্রের

নয়াদিল্লি, ১৭ আগস্ট : বছরের শেষে বেশ কয়েকটি রাজ্যের বিধানসভা নির্বাচন। আর পরের বছর



লোকসভা নির্বাচন। তার আগে উঠোঁড়ে গুলাবুঁদি। বিরোধীদের এই আক্রমণকে ভেঁা তা করতে খাদ্যপণ্যের সরবরাহ বৃদ্ধি এবং খাদ্যপণ্যে মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণের জন্য বেশ কিছু পদক্ষেপ নিতে চলেছে সরকার। তারই অংশ হিসেবে রাশিয়া থেকে ভর্তুকি মূল্যে গম আমদানির কথা ভাবাচ্ছে জাদী সরকার। সরকারের এক সূত্রকে উদ্ধৃত করে সংবাদ সংস্থা মের্সার্স জানিয়েছে, শুধু রাশিয়া নয়, বিভিন্ন দেশের সরকারি ও বেসরকারি সংস্থা থেকে চুক্তির মাধ্যমে খাদ্যপণ্য আমদানির সম্ভাবনা খতিয়ে দেখছে সরকার। এই বিষয়ে এখনও চূড়ান্ত কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে আলোচনা চলছে। সূত্রের দাবি,

এই মূল্যবৃদ্ধির মূল কারণ, চাহিদা অনুযায়ী জোগানোর অভাব। ১

পাকিস্তানে খ্রিস্টানদের বিরুদ্ধে হিংসার ঘটনায় উদ্দিগ্ন ওয়াশিংটন, অবিলম্বে সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিতের দাবি

ওয়াশিংটন, ১৭ আগস্ট : পাকিস্তানে খ্রিস্টানদের উপর হামলার ঘটনা নিয়ে বৃহস্পতিবার কড়া প্রতিক্রিয়া জানিয়েছে আমেরিকা। প্রেসিডেন্ট জো বাইডেনের সরকারের বিদেশ দপ্তরের মুখপাত্র বেদান্ত পটেল জানান, পঞ্জাব প্রদেশে খ্রিস্টানদের বিরুদ্ধে হিংসার ঘটনায় ওয়াশিংটন উদ্দিগ্ন। তিনি বলেন, ‘‘অবিলম্বে পাকিস্তান সরকারকে সংখ্যালঘুদের নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। ঘটনার তদন্ত করে দোষীদের চিহ্নিত করতে হবে।’’ ‘ধর্ম অবমাননা’র অভিযোগে তুলে পাকিস্তানে স্বাধীন মতপ্রকাশের কঠোর করা হয় বলেও অভিযোগ তুলেছেন তিনি। প্রসঙ্গত, কোরানের অবমাননা করার অভিযোগে পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের পূর্বাঞ্চলে জারনওয়ালা শহরে খ্রিস্টানদের একের পর এক গির্জায় আগুন ধরিয়ে দেওয়া হচ্ছে। চারটি গির্জায় হামলা হয়েছে বলে খবর। বাড়িঘর জ্বলছে, খ্রিস্টান মহিলায় বাড়িগুলিতে

অবাধে চলছে লুটপাট। বুধবার বিকেল থেকে তাণ্ডব চলছে পাকিস্তানে পাঞ্জাব প্রদেশের শিল্লশহর ফয়সালাবাদ-সহ বেশ কিছু এলাকায়। স্থানীয় পুলিশ বলছে, কমপক্ষে চারটি গির্জায় আগুন ধরিয়ে দেওয়া হয়েছে। স্থানীয়রা বলছেন, খ্রিস্টান মহিলায় গির্জা সংলগ্ন বাড়িঘরেও হামলা চলছে। উল্লেখ্য, পাকিস্তানে ধারাবাহিকভাবে ধর্মীয় হিংসার ঘটনা ঘটে। প্রতিবছর প্রচুর খ্রিস্টান ও হিন্দু মেয়েদের অপহরণের পরে জোর করে ইসলাম ধর্মে ধর্মান্তরিত করা হয়। তারপর মুসলিম সম্প্রদায়ের পুরুষদের সঙ্গে তাদের বিয়ে দেওয়া হয়। অভিযোগ, এই বিষয়ে সবকিছু জানে সত্ত্বেও ব্যবস্থা নেয় না ইমরানের প্রশাসন। পাকিস্তানের বেশিরভাগ রাজনৈতিক নেতারাও জাভাল থেকে উসকানি দিয়ে অমুসলিম নাগরিকদের আরও দুর্বিসহ করে তোলে। এর সপ্তাহেই চার জন হিন্দু ও তিনজন খ্রিস্টান মেয়েদের জোর করে ইসলাম ধর্ম গ্রহণ করানো হয়েছে।

ভারতের হাতে এবার উড়ন্ত ট্যাংক, শত্রুশিবিরে ঝাঁপিয়ে পড়বে উড়ন্ত এই ট্যাংক

নয়াদিল্লি, ১৭ আগস্ট : ভারত-পাকিস্তানের মধ্যে যুদ্ধের টেনশন থাকেই। আপাতভাবে কিছু না-ঘটলেও সবসময় যেন কী-হয় কী-হয় ভাব। তবে এটা তত গুরুত্বপূর্ণ আর নাহ হতোনা। কিন্তু যেটা সত্যিই ক্রমশ গুরুত্বপূর্ণ ও চিন্তাউদ্বেককরী হয়ে উঠছে সেটা হল চিন। কখনও অরুণাচল, কখনও লাদাখ নিয়ে ভারতের সঙ্গে চিনের খটখাটি লেগে থাকছেই। দুই দেশেই মহাশক্তির। দুপক্ষই হস্রাতে দুপক্ষকে সমীহ করে চলেছে। কিন্তু যুদ্ধ এই লাগল বলে- এমন একটা ভাব বাতাসে থাকছেই। আর ঠিক এই প্রেক্ষিতেই ভারতের হাতে আসতে চলেছে নতুন যুদ্ধাস্ত্র, যুদ্ধনাব্য বা বলা চলে। গতকাল বুধবার মার্কিন বিমানকারী সংস্থা বোয়িং জানিয়েছে, ভারতীয় স্থলসেনার কনার জন্য বোয়িংয়ের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছিল ভারতীয় স্থলসেনা। প্রায় ৪১০০ কোটি টাকার ছিল সেই চুক্তি। সেই চুক্তি অনুযায়ী আগামী বছর, ২০২৪ সালে চণারগুলি হাতে পাবে ভারতীয় প্রতিরক্ষা দফতর। ‘এএইচ-৬৪ই আপাচে’ বিশ্বের সবচেয়ে আধুনিক কণ্টার। এই কণ্টার বিশ্বের সবচেয়ে বহুমুখী মারণক্ষমতা সম্পন্ন যুদ্ধনাব্য। বিশ্বের মাত্র ১৭টি দেশ এই কণ্টার ব্যবহার করে। শত্রুক্ষেত্রের ক্ষেপে নাব্যে কণ্টার ভারতীয় বায়ুসেনার হাতে ২২টি অ্যাাচে আটাক হেলিকপ্টার রয়েছে। প্রতিপক্ষের ট্যাংক ধ্বংসে এর জুড়ি নেই। অ্যাাচে হেলিকপ্টারগুলিকে তাই ‘ট্যাংক কিলার’ বলে। এদের আর একটি পরিচিত নাম ‘ফ্লাইং ট্যাংক’।

পিএম-ই বাস সেবা শহুরে গতিশীলতাকে নতুন করে সংজ্ঞায়িত করবেঃ প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৭ আগস্ট : পিএম-ই বাস সেবা শহুরে গতিশীলতাকে নতুন করে সংজ্ঞায়িত করবে। এমনই আশা প্রকাশ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী আশা ব্যক্ত করে জানিয়েছেন, এই সেবা দেশের নগর পরিবহন পরিকাঠামোকে শক্তিশালী করবে। প্রধানমন্ত্রী মোদী আরও জানান, এই পদক্ষেপ সংগঠিত বাস পরিষেবা ছাড়াই শহরগুলিকে অগ্রাধিকার দেয় এবং এটি পরিচ্ছন্ন এবং আরও দক্ষ পরিবহনের পাশাপাশি বেশ কয়েকটি কর্মসংস্থান সৃষ্টি করবে। উল্লেখ্য, বুধবারই পিএম ই-বাস পরিষেবায় অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। এতে বায় হবে ৫৭.৬১৩ কোটি টাকা। বুধবার এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, পিএম ই-বাস পরিষেবার অনুমোদন দেওয়া হয়েছে। এতে বায় হবে ৫৭.৬১৩ কোটি টাকা। সমগ্র দেশে ১৬৯ টি শহরে পিএম-ই বাস সেবা চালু করা হবে। ১০ হাজার নতুন ইলেকট্রিক বাস চালু করা হবে।

ইস্ফল-শিলচর মহাসড়কে ধস

ইস্ফল, ১৭ আগস্ট : মণিপূরে কয়েকটি স্থানে ব্যাপক ধস নেমেছে। ফলে ইস্ফল-শিলচর (দক্ষিণ অসম) মহাসড়কে অবরুদ্ধ হয়ে পড়েছে

Name Change
 I, KHADEJA SHEKH (old name) W/O AMIR ALI SHEKH Presently residing at Vill- Jayantipur, PO- Petrapole, PS- Bongaon, Dist-24 Pgs(N). Pin-743405 West Bengal, India. have changed my name to (shall henceforth be known as) KHADEJA KHATUN SHEKH, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 01/08/2023. KHADEJA SHEKH and KHADEJAKHATUN SHEKH both are same and one identical person.

Name Change
 I, AKTA KUMARI JAYSWAL (old name) W/O RAHUL JAISWAL Presently residing at 9/2E, Krittibas Mukherjee Road, Uttadanga Main Road, Kolkata- 700067 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) EKTA JAISWAL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. AKTA KUMARI JAYSWAL and EKTA JAISWAL both are same and one identical person.

Name Change
 I, DALIA BEGAM (old name) D/O SK DILBAR ALI Presently residing at Vill- Thabapur, PO-Joyngar, PS- Ghatat, West Medinipur, Pin: 721212 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) DALIA BIBI, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. DALIA BEGAM and DALIA BIBI both are same and one identical person.

Name Change
 I, SK ABBAUDDIN (old name) S/O BADIYEJAMA Presently residing at Bankra Khan Para, PO- Bankra, PS-Domjur, Howrah-711403 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SEKH ABBAUDDIN SK ABBASUDDIN, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. SK ABBAUDDIN and SEKH ABBASUDDIN SK ABBASUDDIN both are same and one identical person.

Name Change
 I, Ratna Roy (old name) W/O Sandeep Gupta Presently residing at Flat No 2, 1st Floor, Sriniketan Apartment, Crooked Lane, Chinsurah, Pin- 712101 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Ratna Roy Gupta, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. Ratna Roy and Ratna Roy Gupta both are same and one identical person.

Name Change
 I, ARUN CHANDRA MONDAL (old name) S/O RISHIPADA MONDAL Presently residing at Vill-Jhupia, PO-Thoara, PS- Bagdah, Dist-24 Pgs- 743297 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ARUN MONDAL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. ARUN CHANDRA MONDAL and ARUN MONDAL both are same and one identical person.

Name Change
 Uttam Das (old name) S/o MOHANLAL DHONK R/O 41 SOUTH TANGRA ROAD, KOLKATA-700046 WB. SHALL HENCEFORTH BE KNOWN AS UTTAM DHONK(new name) VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 17/08/2023.UTTAM DAS and UTTAM DHONK both are the same and one identical person.

Name Change
 I, WAHED ALI MANDAL and AHED ALI MONDAL (old name) S/O HAKIM MONDAL Presently residing at Vil l PO-Gajipur, PS-Gopalnagar, North 24 Pgs- 743251 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) AHED MANDAL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. WAHED ALI MANDAL and AHED MANDAL both are same and one identical person.

Name Change
 I, NITI DUTTA (old name) S/O Subhash Thakur Presently residing at SAHARA APPT, DD-99, 1ST FLR, MUFTALALI GALLI,BAGUIATI, NARAYANTALA, BIDHANNAGAR, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) NITI THAKUR, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. NITI DUTTA and NITI THAKUR both are same and one identical person.

Name Change
 I, SHAGUFTA AAMIN (old name) W/O ABDULLAH MOHAMMAD Presently residing at Q-509/2/B, Golam Molla Lane, PS-Raja Bagan, Kolkata-700024 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SHAGUFTA AMIN, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 12/08/2023. SHAGUFTA AAMIN and SHAGUFTA AMIN both are same and one identical person.

৫০০-র বেশি পণ্যবাহী ট্রাক। গত কয়েকদিন ধরে অবিরাম বৃষ্টিপাত হচ্ছে মণিপূরে, বিশেষ করে নমেন জেলা ও সংলগ্ন অঞ্চলে। ফলে ইস্ফল-শিলচরগামী ৩৭ নম্বর মহাসড়কের ইরাং ও আওয়াংখুল পাঁচ-২, খোয়াং ও আওয়াংখুল এবং রাংখুই গ্রামের বিভিন্ন এলাকায় ভূমিধস হয়েছে। ব্যাপক ভূমিধসের ফলে প্রতিবেশী দুই রাজ্যগামী পাঁচ শতাধিক পণ্যবাহী ট্রাক অবরুদ্ধ হয়ে পড়েছে।

Name Change
 I, HASIBUL RAMAMAN (old name) S/O SAHIDUL ISLAM MOLLAH Presently residing at Vill: Beramohalla, PO & PS- Pandua, Hooghly Rural, Pin-712149 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) HASIBUL RAHAMAN, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. HASIBUL RAMAMAN and HASIBUL RAHAMAN both are same and one identical person.

Name Change
 I, RAKESHBHAI NATVERBHAI PATEL and RAKESHKUMAR NATVARBHAI PATEL (old name) S/O NATVARBHAI MAGANBHAI PATEL Presently residing at B-6/133, Block-B6 Kalyani, Nadia- 741235 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) RAKESHBHAI NATVARBHAI PATEL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 07/08/2023. RAKESHBHAI NATVERBHAI PATEL and RAKESHKUMAR NATVARBHAI PATEL both are same and one identical person.

Name Change
 I, VISHNU KUMAR MITTAL (old name) Presently residing at P-163, Lake Town, Block-B, 4 th Floor, PS-Lake Town, North 24 Parganas-700089 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) VISHNU KUMAR AGARWAL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. VISHNU KUMAR MITTAL and VISHNU KUMAR AGARWAL both are same and one identical person.

Name Change
 I, Seikh Abdur Rahaman @ Sk Abdur Rahman @ SK Abdur Rahman S/O- Seikh Golam Rahaman @ Seikh Golam Rahaman, resident of Vill-Terapur, P.O.- Abujhati, P.S.-Jamalpur, Dist- Purbta Bardhaman, W.B.-713166, shall henceforth be known as 'SEKH ABDUR RAHAMAN S/O- SEIKH GOLAM RAHAMAN' vide an affidavit before the notary public at Purbta Bardhaman on 16/08/2023

Name Change
 I, TAHIRAK KHANOOM (old name) W/O MD SHAHABUDDIN KHAN Presently residing at Rahmat Nagar, near Major Sharif, PO- Burnpur, PS-Hirapur, Dist- Paschim Bardhaman, Pin-713325 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) TAHIRA KHANAM, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 17/08/2023. TAHIRA KHANOOM and TAHIRA KHANAM both are same and one identical person.

Name Change
 S BOSE (old name) S/o HIRENDRA KOLTH BOSE R/O 13 RUBY PARK EAST KOLKATA-700078 WB. SHALL HENCEFORTH BE KNOWN AS SUBHASISH BOSE(new name) VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 17/08/2023.S Bose and SUBHASISH BOSE both are the same and one identical person.

Name Change
 I, KINNERI RAKESHBHAI PATEL and DESAI KINNERIBEN NARENDRABHAI (old name) W/O RAKE SHHBHAI NATVARBHAI PATEL Presently residing at B-6/133, Block-B6 Kalyani, Nadia-741235 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) KINNARBEN RAKESHBHAI PATEL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 14/08/2023. KINNERI RAKE SBHBAI PATEL, DESAI KINNERIBEN NARENDRABHAI and KINNARBEN RAKE SBHBAI PATEL both are same and one identical person.

নাম পরিবর্তন
 আমি, গৌরব দত্ত, টিকানা- খাতড়া, বাঁকুড়া, পিন-৭২২১৪০, পশ্চিমবঙ্গ, গত ১৪।০৮। ২০২৩ তারিখ আলিপুর কোর্টের নোটারি পাব্লিকে আমার পিতার নাম সত্য রঞ্জন দত্তের পরিবর্তে সত্যরঞ্জন দত্ত ইইল। সত্য রঞ্জন দত্ত এবং সত্যরঞ্জন দত্ত উভয়ই একই এবং অভিন্ন ব্যক্তি।

ঘোষণা
 আমি, খোন্দকার সাঈদ আফজাল, পিতা- স্ত্রীময় খোন্দকার একবাল আফজাল টিকানা - গ্রাম এবং ডাকঘর-সালার (বড় বাজার), থানা- সালার, মৃদািনাদ এতদ্বারা আন্তরিকভাবে গত ১৩।০৮।২০২৩ তারিখ কলকাতা মেট্রোপলিটন ম্যুনিসিপালিটি নিকট হলঘনামা নং ১০৬৯ পেশ করে ঘোষণা করছি যে ভুলসম্মত আমার পাসপোর্টে আমার জন্ম তারিখ ৪ ডিসেম্বর, ১৯৮৭ এর পরিবর্তে ৬ আগস্ট, ১৯৭৭ নথিভুক্ত হয়েছে।

এশিয়া কাপে হয়তো নেই শ্রেয়স, ২০ আগস্ট দল ঘোষণার সম্ভাবনা

মুম্বই, ১৭ আগস্টঃ ২০২৩ এশিয়া কাপের কাউন্টডাউন শুরু হয়ে গিয়েছে। পাকিস্তান, নেপাল, শ্রীলঙ্কা ইতিমধ্যেই দল ঘোষণা করেছে। বাকি দলগুলিও শীঘ্রই টিম ঘোষণা করবে। ৩০ আগস্ট শুরু হচ্ছে এ বারের এশিয়া কাপ। তার আগে খুব দেরি হলে ২০



আগস্ট এশিয়া কাপের দল ঘোষণা করতে পারে বিসিসিআই। লোকেশ রাহুল ও শ্রেয়স আয়ারকে দলে রেখে স্কোয়াড ঘোষণা করতে চাইছিল বোর্ড। এশিয়া কাপে রাহুলের প্রত্যাভর্তন প্রায় পাকা। বোর্ড নির্বাচকদের যাবতীয় চিন্তা শ্রেয়স আইয়ারকে দিয়ে। মিডল অর্ডারের এই ভরসায়োগ্য ব্যাটার এখনও পুরোপুরি সুস্থ নন। তাকে ছাড়াই হয়তো এশিয়া কাপে নামতে হবে ভারতকে। ঘরের মাঠে বর্ডার গাভাসকার সিরিজে পিঠের পুরনো চোট কাবু হয়েছিলেন শ্রেয়স আইয়ার। আইপিএলে খেলতে পারেননি। তার আগেই অস্ত্রোপচার টেবলে যেতে হয় তাঁকে। আশা ছিল, চার মাসের মধ্যে সুস্থ হয়ে এশিয়া

কাপে খেলতে নামবেন শ্রেয়স। কিন্তু বর্তমানে যা খবর তাতে এখনও সম্পূর্ণ সুস্থ হতে পারেননি শ্রেয়স। অর্থাৎ ডান হাতি ব্যাটারের কামব্যাকের জন্য অপেক্ষা বাড়তে পারে। জাতীয় ক্রিকেট অ্যাকাডেমি থেকে ফিট সাটিফিকেট পাননি শ্রেয়স আইয়ার। আগামী কয়েকদিনে

দুটি প্র্যাকটিস ম্যাচ খেলবেন শ্রেয়স। তারপরই ক্রিকেটারের ফিটনেস নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে এনসিএ। শ্রেয়স এশিয়া কাপে খেলতে না পারলে ভারতীয় দলের মাথাব্যথা বাড়বে বই কমবে না। ব্যাটিং অর্ডারের চার নম্বর পজিশনের ধাঁধার সমাধান এখনও খুঁজে পায়নি জাতীয় দল। সূর্যকুমার যাদবকে পরীক্ষা করে দেখা হয়েছিল

অস্ট্রেলিয়া ও ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ওডিআই সিরিজে। তাতে পুরোপুরি ব্যর্থ শ্রেয়স। ৬ ইনিংসে ৪০ রান পার করতে পারেননি। সঞ্জু স্যামসনেরও ধারাবাহিকতা নেই। শ্রেয়স ফিরলে চার নম্বর পজিশন নিয়ে মাথাব্যথা কমত রোহিত শর্মাদের।

‘ধাওয়ান প্রাপ্য কৃতিত্বটুকু পায়নি’, বললেন রবি শাস্ত্রী

মুম্বই, ১৭ আগস্টঃ এশিয়ান গেমস ও আয়ারল্যান্ড সিরিজেও ভারতীয় দলে জায়গা পাননি শিখর ধাওয়ান। এদিকে এই ওপেনারকে নিয়ে বড় ধরনের বক্তব্য দিয়েছেন ভারতের প্রাক্তন কোচ রবি শাস্ত্রী। শিখর ধাওয়ানের প্রশংসায় এগিয়ে এসেছেন রবি শাস্ত্রী। টিম ইন্ডিয়ার প্রাক্তন প্রধান কোচ রবি শাস্ত্রী স্টার স্পোর্টসের

সঙ্গে কথা বলার সময় বলেছিলেন যে শিখর ধাওয়ানকে তার প্রাপ্য কৃতিত্ব দেওয়া হয়নি। সে একজন অসাধারণ খেলোয়াড়। ২০১৯ সালের বিশ্বকাপের সেমিফাইনালে যখন আমরা হেরেছিলাম, দল তাঁকে অনেক মিস করেছিল। স্টার স্পোর্টসের সঙ্গে কথা বলতে গিয়ে রবি শাস্ত্রী বলেছেন, “শিখর ধাওয়ানকে ততটা কৃতিত্ব দেওয়া

হয় না। যতটা তার প্রাপ্য। শিখর ধাওয়ান সত্যিই একজন দুর্দান্ত খেলোয়াড়। ২০১৯ বিশ্বকাপে আমাদের পারফরম্যান্স দুর্দান্ত ছিল। কিন্তু সেমিফাইনাল ম্যাচে আমরা নিউজিল্যান্ডের কাছে হেরেছিলাম। সেই ম্যাচে ছিলেন না শিখর ধাওয়ান। উপরের তিন ব্যাটারই ডানহাতি ছিলেন। সুইং করা বল ম্যাচে বড় পার্থক্য এনে দেয়।”

আয়ারল্যান্ডে ডেবিউয়ের জন্য তৈরি রিঙ্ক-সহ চার

ডাবলিন, ১৭ আগস্টঃ ১৮ আগস্ট, শুক্রবার থেকে শুরু আয়ারল্যান্ড বনাম ভারত টি ২০ সিরিজ। তিন ম্যাচের টি ২০ সিরিজ খেলবে দুটি দল। পরের দুটি ম্যাচ ২০ এবং ২৩ আগস্ট থেকে। এই সিরিজের জন্য কমবেশি সব সিনিয়র ক্রিকেটারদের বিশ্রাম দেওয়া হয়েছে। তরুণ ক্রিকেটারদের পাশাপাশি দলে সেইসব সিনিয়ররা রয়েছেন যাদের টিমে প্রত্যাভর্তন হতে চলেছে। সেইসব ক্রিকেটারদের মধ্যে এমন অনেকে রয়েছেন যাদের এখনও আন্তর্জাতিক টি ২০তে অভিষেক হয়নি। আয়ারল্যান্ডের বিরুদ্ধে তাঁদের অপেক্ষার অবসান হতে পারে।

রিঙ্ক সিং। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টি ২০ সিরিজে রিঙ্ক ডাক না পাওয়ায় ক্ষোভ আছড়ে পড়েছিল। বর্তমানে সর্মথকদের ক্ষোভ প্রশমিত হয়েছে। এশিয়ান গেমসের স্কোয়াডের পাশাপাশি আয়ারল্যান্ড সফরেও ডাক পেয়েছেন রিঙ্ক। ২০২৩ সালের আইপিএলের মতো ফির্নিয়ার আয়ারল্যান্ডে ভারতীয় দলের জার্সিতে অভিষেকের জন্য তৈরি।



১৮ আগস্ট প্রথম ম্যাচেই ডেবিউ ক্যাপ পেতে পারেন রিঙ্ক।

নম্বর নেমে ম্যাচের রং বদলে দিতেন। সেই তরুণ ব্যাটার এ বার মেন ইন ব্লু-র হয়ে খেলবেন। আয়ারল্যান্ডের বিরুদ্ধে টি ২০তে রিঙ্ক পাশাপাশি অভিষেক হতে পারে জীতেশের। তাঁর ভাগ্য নির্ভর করছে সঞ্জু স্যামসনের পারফরম্যান্সের উপর।

প্রসিধ কৃষ্ণ। চোট সারিয়ে একবছরেরও বেশি সময় পরে জাতীয় দলে কামব্যাক হতে চলেছে প্রসিধ কৃষ্ণর। ১৪টি ওডিআই ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে প্রসিধের। কিন্তু এখনও টি ২০তে অভিষেক বাকি। এশিয়া কাপে ভারতের স্কোয়াডে স্থান করে নেওয়ার দৌড়ে রয়েছেন প্রসিধ। সিরিজের তিনটি ম্যাচেই খেলতে পারেন তিনি।

শাহবাজ আহমেদ। আইরিশদের বিরুদ্ধে টি ২০ সিরিজে ডেবিউয়ের সুযোগ পেতে পারেন শাহবাজ আহমেদও। জাতীয় দলের হয়ে তিনটি ওডিআই ম্যাচ খেলেছেন শাহবাজ। বোলিংয়ের পাশাপাশি ব্যাট হাতেও দারুণ স্বচ্ছন্দ তিনি। দলের একমাত্র বাঁ হাতি স্পিনার শাহবাজ আহমেদ টি ২০ অভিষেকের জন্য তৈরি।

‘বিরাটকে চব্বিশের টি-২০ বিশ্বকাপের স্কোয়াডে না রাখলে ভুল করবে ভারত’

নয়াদিল্লি, ১৭ আগস্টঃ ভারতের প্রাক্তন ব্যাটিং কোচ সঞ্জয় বান্দার মনে করেন বিরাট কোহলির অভিজ্ঞতা, দক্ষতা এবং চাপের মধ্যে পারফর্ম করার ক্ষমতার কারণে তাঁকে ২০২৪ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের স্কোয়াডে না রাখলে ভুল করবে ভারত। সঞ্জয় বলেন, “আমার মতে অবশ্যই বিরাটের টি-২০ দলে থাকা উচিত। ওকে ছাড়া ভারতীয় দলের কথা ভাবাই যায় না। গতবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে ও কেমন পারফর্ম করেছিল, সেই কথা মনে আছে তো? অনেক সময় এমন পরিস্থিতি তৈরি হয় যে, যেখানে আবেগ বেশি হয়। যার ফলে একটা ছোট ভুলের বিরাট মাসুল গুনতেও হতে পারে। তেমন পরিস্থিতি আগামী বছরের বিশ্বকাপেও আসতে পারে। সেই সময় বিরাটের মতো অভিজ্ঞ ম্যাচ উইনারকেই ক্রিজে দরকার।” সঞ্জয় মনে করেন, কোনও ম্যাচে চাপের পরিস্থিতিতে কী ভাবে খেলতে হয় তা জানেন বিরাট কোহলি। তাই বিরাটকে দলে না রাখলে বড় ভুল করবে ভারতীয় টিম ম্যানেজমেন্ট। এই নিয়ে তিনি বলেন, “কোনও ম্যাচে চাপের পরিস্থিতিতে ক্রিকেটারের স্ট্রাইক-রেট কত বা সে কী ভাবে ব্যাট করছে, তা বিবেচ্য নয়। কারণ এটা আইপিএল নয়। একটা বড় ম্যাচে বড় ক্রিকেটারের প্রয়োজন এবং কোহলি সেটা করে দেখিয়ে দিয়েছে।”

টেনিস থেকে অবসর নেওয়ার পর নতুন ভূমিকায় আসতে পারেন রাফায়েল নাদাল



মাদ্রিদ, ১৭ আগস্টঃ চোটের কারণে টেনিস কোর্ট থেকে আপাতত নিজেকে সরিয়ে রেখেছেন রাফায়েল নাদাল। আগামী বছর সম্পূর্ণ সুস্থ হয়ে খেলায় ফেরার কথা জানিয়েছেন। এরই মধ্যে অবসর জীবনের পরিকল্পনা নিয়ে আসা শুরু দিয়েছেন ২২টি গ্র্যান্ড স্ল্যামের মালিক। এর পাশাপাশি নতুন কাজ খুঁজছেন তিনি। টেনিসের পর নাদালের প্রিয় খেলা ফুটবল। রিয়াল মাদ্রিদের অধ্ব সর্মথক তিনি। সময় এবং সুযোগ পেলে মাঠে গিয়ে দলের খেলা দেখেন। ক্লাব কর্তৃপক্ষের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। খেলোয়াড়জীবন থেকে অবসর নেওয়ার পর প্রিয় ফুটবল ক্লাবের হয়ে কাজ করতে চান নাদাল। বিশ্বের প্রাক্তন এক নম্বর টেনিস খেলোয়াড় ঘনিষ্ঠ মহলে বলেছেন, সম্ভবত ২০২৪ সালই কোর্টে তাঁর শেষ বছর। অবসরের কথা ভাবছেন। টেনিস ছাড়ার পরেও খেলোয়াড়ের সঙ্গে জড়িয়ে থাকতে চান। নতুন কোনও ভূমিকায় দেখতে চান নিজেকে। হয়তো রিয়াল মাদ্রিদের হয়ে কোনও ভূমিকা পালন করবেন। নাদালকে এক অনুষ্ঠানে প্রশ্ন করা হয়, ভবিষ্যতে তাঁকে রিয়ালের সভাপতি হিসাবে দেখা যেতে পারে কি না? জবাবে তিনি বলেছেন, “কাজটা করতে আমার ভালই লাগবে। দায়িত্ব নিতে পারি। তবে কয়েকটা বিষয় ভেবে দেখার আছে।” নাদাল আরও বলেছিলেন, “ক্লাবের সঙ্গে আমার সম্পর্ক অত্যন্ত ভাল। এখন যে ভাবে জড়িয়ে রয়েছি, সেটাই বা খারাপ কী? আমাদের এক জন দারুণ সভাপতি রয়েছেন। মনে হয় না আমাকে রিয়াল মাদ্রিদের প্রয়োজন রয়েছে। তবে ভবিষ্যতে কী হবে বলা যায় না। এখন কিছু বলা সম্ভব নয়। হ্যাঁ, আমি অবসর জীবনের জন্য একটা নতুন কাজ খুঁজছি।” তাঁর কোচ এবং কাকা টনি নাদাল বলেছেন, “রাফা পরবর্তী পেশাদার জীবনের পরিকল্পনা শুরু করেছে।” নাদাল রিয়াল মাদ্রিদের হয়ে কাজ করার ইচ্ছাপ্রকাশ করার পর স্তব্ধ হয়েছেন নতুন সঞ্জনা। ১৩ বছর ধরে রিয়ালের সভাপতি রয়েছেন ফ্লোরেন্তিনো পেরেজ। ২০২৪ সালের তিনি ইস্তফা দিতে পারেন। ১৪ বছরের বেশি রিয়াল মাদ্রিদের সভাপতি হিসাবে থাকতে চান না তিনি। তা হলে কি রিয়ালের সভাপতি পদে দেখা যাবে নাদালকে? এই প্রশ্নের উত্তর পাওয়া যায়নি কোচ ও পক্ষ থেকে। রিয়াল মাদ্রিদের পরবর্তী সভাপতি হিসাবে উঠে আসছে নাদালের নাম। পরবর্তী সভাপতি হওয়ার সম্ভাবনা রয়েছে এমিলিয়ো বুট্রাগুয়েনোর। রিয়াল মাদ্রিদের অধিকাংশ সদস্য, সর্মথকেরা অবশ্য ক্লাবের সভাপতি পদে দেখতে চান টেনিস তারকাকে। সূত্রের খবর, নাদালকে সাময়িক সভাপতি করতে আগ্রহী ক্লাব কর্তৃপক্ষও।

‘যে কোনও দলকে হারাতে পারি’, বুমরাদের চ্যালেঞ্জ আইরিশ স্পিনারের

ডাবলিন, ১৭ আগস্টঃ ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ২-৩ ব্যবধানে টি ২০ সিরিজ হেরেছে ভারত। শুরু হচ্ছে আরও একটি টি ২০ সিরিজ। এ বার আয়ারল্যান্ডের বিরুদ্ধে। ১৮ আগস্ট থেকে আয়ারল্যান্ড বনাম ভারত তিন ম্যাচের টি ২০ সিরিজ শুরু হচ্ছে। সদ্য ক্যারিবিয়ান সফরে হার হজম করা ভারত আইরিশদের



বিরুদ্ধে সিরিজ জিতে ফিরতে চায়। এই সফরে জাতীয় দলকে নেতৃত্ব দেবেন জসপ্রীত বুমরা। হেড কোচ রাহুল দ্রাবিড়ও নেই। দলে তরুণদের সুযোগ দেওয়াটাই প্রায়োরিটি মেনে ইন ব্লু উল্টোদিকে ভারতের বিরুদ্ধে শক্তিশালী, প্রথম সারির দল নামাবে আইরিশরা। সিরিজ শুরুর আগে বুমরাদের চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন আয়ারল্যান্ডের স্পিনার বেন হোয়াইট। তিনি বলেছেন, “আমাদের দিনে যে কোনও দলকে হারানোর ক্ষমতা রাখি।” পল স্টার্লিংয়ের দলের এই স্পিনার বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, “কখন যে কী হয় তা কেউ বলতে পারে না। এই সত্যটা মেনে নিতেই হবে। ঘরের মাঠে

ভারতের বিরুদ্ধে খেলাটাই বড় ব্যাপার। ওরা হল বিশ্বের সেরা ক্রিকেট টিম। তবে আমরা চ্যালেঞ্জ গ্রহণ করতে প্রস্তুত। নিজদের দিনে আমরা যে কোনও দলকে হারানোর মতো ক্ষমতা রাখি।” তবে স্পিন বোলিংয়ের বিরুদ্ধে ভারতীয় ব্যাটারদের প্রশংসা শোনা গিয়েছে বেনের মুখে। ভারতীয় দলের কোন ব্যাটারের উইকেট নেওয়ার স্বপ্ন দেখেন? আইরিশ স্পিনার ভারতের টপ অর্ডার ব্যাটারদের মধ্যে সঞ্জু স্যামসনকেও রেখেছেন। এখনও পর্যন্ত ১৮টি টি ২০তে ২০টি উইকেট নিয়েছেন বেন হোয়াইট। সঞ্জু স্যামসন প্রসঙ্গে তিনি বলেছেন, “গতবছর থেকে ওকে দেখছি। খুব ভালো খেলছে। সত্যি কথা বলতে কী, ভারতীয় স্কোয়াডে এমন বেশ কিছু প্রতিভা রয়েছে যাদের উইকেট নিতে পারলে আমি খুশিই হব। ওরা স্পিনের বিরুদ্ধে খুব ভালো খেলে। তবে আমি রক্ষণাত্মক খেলব না। উইকেট নেওয়ার চেষ্টা করব।” ১৮ আগস্ট ডাবলিনের দ্য ভিলেজে আয়ারল্যান্ড বনাম ভারত প্রথম টি ২০ ম্যাচ।

মেসি-রোনাল্ডো-নেইমারের বিদায়ে ইউরোপে ঘটল এক যুগের সমাপ্তি

দুরন্ত বার্তা প্রতিবেদন

এক বছর আগেও কাউকে যদি বলতেন, পরের মরসুমে লিগলেন মেসি, ক্রিস্টিয়ানো রোনাল্ডো এবং নেইমার আর ইউরোপে খেলবেন না। তবে তিনি নিশ্চিতভাবেই আপনাকে পাপাল বলতেন। এ-ও আবার হয় নাকি! অনেকের কাছেই তাঁরা গত দুই দশকের সেরা তিন তারকা। ইউরোপের বাইরে এই মুহূর্তে এই তিনজনের খেলার বিষয়টি হয়তো তাদের কঠোর সমালোচকেরাও কল্পনা করেনি। কিন্তু ফুটবল কখনো কখনো এমন বিস্ময় উপহার দেয়। উরুগুয়ের প্রখ্যাত সাহিত্যিক এলোয়ার্দো গালিয়ানো তাঁর ‘সকার ইন সান অ্যান্ড শায়ডো’ বইয়ে লিখেছিলেন, আধুনিক ফুটবলের যাত্রা শিল্প থেকে যন্ত্রের দিকে। সেই যান্ত্রিকতায় ফুটবলের ওপর একসময় চাপিয়ে দিতে শুরু করে অর্থের বোঝা। যার শুরুটা করবেলি ইউরোপিয়ান ক্লাবগুলোই। মধ্যপ্রাচ্যের ধনকুবেরদের হাতে নিজেদের সঁপে দিয়ে তারা নিজেরের মধ্যেই তৈরি করে বিশাল অর্থনৈতিক ব্যবধান। আর এখন মধ্যপ্রাচ্যের একটি দেশ সামগ্রিকভাবে ইউরোপীয় ফুটবলের ঠেলে দিয়েছে এক চমক অসহায়দের দিকে। যার ফলে এখন রীতিমতো তারকাশূন্য হতে বসেছে লিগগুলো। এর মধ্যে নিজেদের সেরা তিন পোস্টার বয়কে হারিয়ে ফেলেছে ইউরোপ। মেসি-রোনাল্ডোর বিষয়টা ভাব মনে নেওয়ার সুযোগ আছে। ইউরোপে নিজেদের অর্জনের যোলোকনা পূর্ণ করেছে তারা। কিন্তু নেইমার? যাকে বলা হচ্ছিল মেসি-রোনাল্ডোর যাগা



শুরু করেন পরের বছর ম্যানচেস্টার ইউনাইটেডে আসার পর। অন্যত্রকে বার্সেলোনা সি দলের হয়ে পেশাদার ফুটবলে মেসি যাত্রা শুরু করেন ২০০৬ সালে। মূল দলে অভিষেক হয় এক বছর পর। অল্প সময়ের ব্যবধানে গোটা ইউরোপিয়ান ফুটবলের প্রতিদ্বন্দ্বি হয়ে ওঠেন এই দুজন। ২০০৮ সালে প্রথমবারের মতো বালন ডি’অর জেতেন রোনাল্ডো। সেই শুরু। এরপর থেকে গোটা মনসদ ভাগাভাগি করে

ছিল নেইমারের। জনপ্রিয়তার দিক থেকেও এ দুজনের সারিতেই অবস্থান ছিল নেইমারের। ব্রাজিলিয়ান ফুটবলকে এগিয়ে নেওয়ার ব্যাটিনাও ছিল তাঁর হাতে। কিন্তু শেষ পর্যন্ত ৩১ বছর বয়সে মেসি-রোনাল্ডোর পথ ধরেই ইউরোপিয়ান ফুটবলে নেইমারও ব্যক্তিগত অর্জনে নেইমারকে নিয়ে আক্ষেপটুকুকে এক পাশে সরিয়ে রাখলেও এই তিনজনের সম্মিলিত অর্জন ঈর্ষান্বী। তিনজন মিলে লিগ শিরোপা

জিতেছেন ২৬টি। ইউরোপীয় শীর্ষ ৫ লিগের চারটিতেই লিগ শিরোপা আছে তাদের। রোনাল্ডো লিগ জিতেছেন ম্যানচেস্টার ইউনাইটেডের হয়ে ইংলিশ প্রিমিয়ার লিগে, রিয়াল মাদ্রিদের হয়ে লা লিগায় এবং জুভেন্টাসের হয়ে সিরি ‘আ’-তে। মেসি লিগ জিতেছেন লা লিগায় বার্সেলোর হয়ে এবং লিগ ‘আ’তে পিএসজির হয়ে। অন্যদিকে নেইমার লিগ জিতেছেন বার্সা ও পিএসজির হয়ে। এই তিনজন সব মিলিয়ে চ্যাম্পিয়নস লিগ জিতেছেন ১০টি। এ ছাড়া ছোট-বড় অসংখ্য শিরোপা জিতেছেন তাঁরা। আর ইউরোপে এ তিনজনের সম্মিলিত গোলসংখ্যা ১ হাজার ৬৩৪। যেখানে মেসির গোল ৭১০, রোনাল্ডোর গোল ৭০১টি এবং নেইমারের গোল ২২৩টি। কিন্তু এসবই এখন অতীত। নেইমারের বিদায়ের মধ্য দিয়ে এ ত্রীর ইউরোপের গল্পটা এখন অতীতের পেটে প্রবেশ করেছে। কবি উৎপলকুমার বসু তাঁর এক কবিতায় লিখেছিলেন, ‘সূর্য ডোবা শেষ হল কেননা সূর্যের যাত্রা বহুদূর।’ হ্যাঁ, ইউরোপের ‘সূর্যটা ডুবেছে বটে। কিন্তু যাত্রাটা এখনো শেষ হয়নি। আলাদা লিগে এরই মধ্যে অন্য এক দৈর্যে মেতে উঠেছেন মেসি-রোনাল্ডো। সামনে নেইমারও নামবেন সেই লড়াইয়ে। যেখানে তিনি সরাসরি প্রতিদ্বন্দ্বি হিসেবে পারেন রোনাল্ডোকে। আর এই তিনজন যখন একসঙ্গে ইউরোপ থেকে সরে নিজেদের নতুন গল্প লিখবেন, তখন নক্ষত্র হারানোর বেদনায় ইউরোপিয়ান ফুটবলের বাতাসটা কি আরেকটু ভারী হয়ে উঠবে না!

প্রকাশিত

সুচিকিৎসা

২৫ বর্ষ • বক্স সংখ্যা • ১ আগস্ট ২০২৩

রক্তাশ্রুতা ও তার চিকিৎসা

- প্রস্টেটের সমস্যা
- সঠিক চিকিৎসায় প্রস্টেট ক্যান্সার নিরাময় সম্ভব
- ইউরোলজিস্টের পরামর্শ
- হাট অ্যাটাক কি প্রতিরোধ করা সম্ভব
- সঠিক সময়ে ক্যান্সারের চিকিৎসা
- রক্তের ক্যান্সার
- বংশগত রক্তের অসুখ, থ্যালাসেমিয়া
- অ্যানিমিয়া ও নারীসমাজ
- প্রোটিন ও ইউরিক অ্যাসিড

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে লগ অন করুন
www.suchikitsa.com